
উত্তরবঙ্গের আত্মার আত্মীয়

# উত্তরবঙ্গ সংবাদ

১৭ অগ্রহায়ণ ১৪৩১ মঙ্গলবার ৪.০০ টাকা 3 December 2024 Tuesday 12 Pages Rs. 4.00 ইন্টারনেট সংস্করণ www.uttarbangasambad.in Vol No. 45 Issue No. 194 MLD

ট্যাব কাণ্ডের জের অন্য প্রকল্পে



তিনের পাতায়

বাংলাদেশ নিয়ে সোচ্চার ইস্টবেঙ্গল

দশের পাতায়



**সাহসী শৈশব।** ঘুড়ির জন্য জীবন বাজি। সোমবার বালুরঘাটের সেওয়াই গ্রামে। - অভিজিৎ সরকার

## বন সুরক্ষা কমিটিতে স্বজনপোষণ, টাকার খেলা

# কুলিকেও কেলেঙ্কারি

**বিশ্বজিৎ সরকার**



কুলিক বন দপ্তরের অফিসের সামনে বিক্ষোভ রায়গঞ্জে। - বিশ্বজিৎ সরকার

**রায়গঞ্জ, ২ ডিসেম্বর :** যাঁরা দীর্ঘদিন ধরে বন সুরক্ষা কমিটিতে থেকে বন দপ্তরকে সহযোগিতা করেছেন, তাঁদের বাদ দিয়ে নিজের পছন্দের লোকজনের নাম ওই কমিটিতে তোলার অভিযোগ উঠেছে রায়গঞ্জের কুলিক ফরেস্টে। এই অভিযোগ তুলছেন ফরেস্ট লাগোয়া এলাকার বাসিন্দারা। তাঁদের নিশানায় ফরেস্ট রেঞ্জার। তাঁদের আরও অভিযোগ, যাঁদের নতুন করে কমিটিতে ঢোকানো হচ্ছে, তাঁদের কাছ থেকে রেঞ্জার টাকাও নিচ্ছেন। এমন অভিযোগ তুলে রবিবার বিকেলে ফরেস্ট অফিস ক্যাম্পাসে রেঞ্জারের বিরুদ্ধে বিক্ষোভও দেখান এলাকার মানুষজন।

কুলিক ফরেস্ট সংলগ্ন এলাকায় তিনটি বন কমিটি রয়েছে। মণিপাড়া, হাঁড়িপাড়া ও আবদুলঘাটা বন কমিটি। প্রতিটি কমিটিতে ১৫০ থেকে ২০০ জন সদস্য রয়েছেন। তাঁদের কাজ, সরকারি বরাদ্দের টাকায় বিভিন্ন উন্নয়নমূলক কাজ করার ক্ষেত্রে পরামর্শ দেওয়া। কোথায় জলের কল বসাতে হবে, কোথায় গরিব মানুষের শৌচালয় হবে, কোন খাতে কত টাকা খরচ করা যেতে পারে, সেসবই ঠিক করে এই কমিটি। এই ফরেস্টের প্রবেশপথে একেকজনের কাছ থেকে ১২০ টাকা করে নেওয়া হয়। ওই টাকার ৬০ শতাংশ থাকে বন দপ্তরের কাছে, বাকি ৪০ শতাংশ থাকে বন সুরক্ষা কমিটির কাছে। এটাই নিয়ম।

স্থানীয়দের অভিযোগ, সমস্ত নিয়মকে বুড়ো আঙুল দেখিয়ে কুলিক ফরেস্টের রেঞ্জার একাই সমস্ত টাকা আত্মসাৎ করছেন। বন সুরক্ষা কমিটিতে নিয়োগের ক্ষেত্রে তিনি স্বজনপোষণও করছেন। শুধু তাই নয়, তিনি দপ্তরের টাকা তছরুপ করার ঘটনাতেও জড়িত।

তৃণমূলের স্থানীয় পঞ্চায়েত সদস্য মনু মণ্ডলের অভিযোগ, 'রায়গঞ্জ ফরেস্টের অধীনে তিনটি বন সুরক্ষা কমিটি রয়েছে। তিনটি কমিটিতে প্রায় ৬০০ জন সদস্য রয়েছে। আচমকা তিনটি কমিটি বাতিল করে নিজের পছন্দমতো কমিটি গঠন করেছেন রেঞ্জার।'

এনিয়ে মুখ খুলতে চাননি রেঞ্জার মধুমিতা পাত্র। তবে জেলা বনাধিকারিক ভূপেন বিশ্বকর্মা জানিয়েছেন, 'এই অভিযোগ সঠিক নয়। যাঁরা অভিযোগ করছেন কিংবা বিক্ষোভ দেখিয়েছেন, তাঁরা ঠিক করেননি। তবে অভিযোগ পেলে বিষয়টি খতিয়ে দেখা হবে।'

তবে স্বজনপোষণের অভিযোগ উঠতেই স্থগিত হয়েছে মণিপাড়া ইকো ডেভেলপমেন্ট কমিটির সাধারণ সভা। এই সভা শেষে অন্যান্য বন বস্তিগুলোর মতো এই বন বস্তির পরিচালনা সমিতি গঠনেও ভোট দিতেন স্থানীয়রা। কিন্তু এলাকার কয়েকজন বাসিন্দা স্বজনপোষণ সহ দুর্নীতির অভিযোগ তুলতেই স্থগিত করে দেওয়া হয় সভা। এনিয়ে রায়গঞ্জ বনবিভাগের বনাধিকারিক ভূপেন বিশ্বকর্মা বলেন, 'এটা বন দপ্তরের নিজস্ব বিষয়। আজ সভা ও ভোটদান হয়নি। পরবর্তীতে সিদ্ধান্ত নেওয়া হবে।'

## আগরতলায় বাংলাদেশ ডেপুটি হাইকমিশনে হামলা, পতাকায় আগুন

# রাষ্ট্রসংঘের শান্তিসেনা চান মমতা

অস্থির বাংলাদেশ

**দীপ্তিমান মুখোপাধ্যায় ও এ এইচ ঋদ্ধিমান**

**কলকাতা ও ঢাকা, ২ ডিসেম্বর :** বাংলাদেশের বর্তমান পরিস্থিতিতে সেখানে শান্তিসেনা পাঠানোর দাবি তুললেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। সোমবার বিধানসভায় মুখ্যমন্ত্রী বাংলাদেশ ইস্যুতে সরব হন।

সেদেশে সংখ্যালঘুদের ওপর আক্রমণের ঘটনা তুলে ধরে



জাতীয় পতাকার এইভাবে অপমান হতে পারে না। কেন্দ্রীয় সরকার যেন রাষ্ট্রসংঘের কাছে শান্তিসেনা পাঠানোর জন্য আবেদন করে। প্রধানমন্ত্রীর কোনও কূটনৈতিক সমস্যা থাকলে বিদেশমন্ত্রী এই ব্যাপারে তাঁর বিবৃতি দিয়ে পরিস্থিতি জানান।

**মমতা বন্দ্যোপাধ্যায়,** মুখ্যমন্ত্রী



মুখ্যমন্ত্রী বাংলাদেশ নিয়ে কথা বলছেন। কিন্তু এই রাজ্যের অবস্থা কী? ওপারে ইউনূস যা, এপারে মমতাও তাই। হিন্দুদের সম্মান নষ্ট করতে যা করার সব কিছুই করছেন।

**শুভেন্দু অধিকারী**
বিরোধী দলনেতা

মুখ্যমন্ত্রী বলেন, 'এখন সংসদের অধিবেশন চলছে। প্রধানমন্ত্রী এই নিয়ে বিবৃতি দিন। প্রধানমন্ত্রীর কোনও কূটনৈতিক সমস্যা থাকলে বিদেশমন্ত্রী এই ব্যাপারে তাঁর বিবৃতি দিয়ে পরিস্থিতি জানান। আমাদের অনেক লোক ওখানে আক্রান্ত হচ্ছে। কেন্দ্রীয় সরকারের উচিত রাষ্ট্রসংঘের সঙ্গে কথা বলে সেখানে শান্তিসেনা পাঠানোর ব্যবস্থা করা।' মুখ্যমন্ত্রী বলেন, 'আমাদের ৭৯ জন মৎস্যজীবী বাংলাদেশে আটকে রয়েছেন। আমরা তাঁদের আইনি সহায়তা দিয়েছি। কিন্তু তাঁদের আত্মীয়রা এদেশে রয়েছেন। তাঁরা দুশ্চিন্তায় ঘুমোতে পারছেন না। বাংলাদেশে শান্তিসেনা পাঠানোর জন্য আমি লিখিতভাবে প্রধানমন্ত্রীকে প্রস্তাব দেব।'

যদিও মুখ্যমন্ত্রীর এই মন্তব্যকে মানতে চাননি বাংলাদেশের অন্তর্বর্তী সরকারের বিদেশ উপদেষ্টা তৌহিদ হোসেন। তিনি বলেন, 'মুখ্যমন্ত্রীকে আমি ব্যক্তিগতভাবে চিনি। তিনি এই বক্তব্য কেন দিলেন, তা আমি বুঝতে পারছি না। আমি মনে করি, এই বক্তব্য তাঁর রাজনৈতিক জীবনে ভালো নয়। ৫ অগাস্টের পর থেকেই দুই দেশের সম্পর্কে সমস্যা চলছে। আমরা স্বাভাবিক সুসম্পর্ক চাই। এই সম্পর্কে অন্তরের চেয়ে স্বার্থই বেশি গুরুত্বপূর্ণ। দুই দেশের সম্পর্ক স্বার্থের মধ্যে দিয়েই দেখতে হবে। ভারতের স্বার্থ কী, সেটা তারাই বলতে পারবে।'

এরই মধ্যে এদিন ত্রিপুরার আগরতলায় বাংলাদেশ ডেপুটি হাইকমিশন প্রাঙ্গণে বড় ঝামেলা হল। সেখানে ভাঙচুর চালান হিন্দু সংঘর্ষ সমিতির সমর্থকরা। কমিশনের অফিসে ঢুকে বাংলাদেশের পতাকা নামিয়ে তাতে আগুন দেয় তারা। ভাঙচুরও হয়। ঘটনাকে 'দুঃখজনক' বলে বর্ণনা করেছে ভারতের পররাষ্ট্র দপ্তর।

কলকাতা বিধানসভা দেখল অন্য নাটক।

ইতিমধ্যে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী সোমবার বলেন, 'মুখ্যমন্ত্রী বাংলাদেশ নিয়ে কথা বলছেন। কিন্তু এই রাজ্যের অবস্থা কী? ওপারে ইউনূস যা, এপারে মমতাও তাই। হিন্দুদের সম্মান নষ্ট করতে যা করার সব কিছুই করছেন।'

এদিন বিধানসভার প্রথমার্ধেই অধিবেশন কক্ষে যান মুখ্যমন্ত্রী। একাধিক বিষয় নিয়ে তিনি বিবৃতি দেন। বাংলাদেশ প্রসঙ্গে বলতে গিয়ে মুখ্যমন্ত্রী বলেন, 'বাংলাদেশে আমাদের বন্ধুবান্ধব, আত্মীয়স্বজনের সম্পত্তি আছে। পরিজন আছে। এপারে হয়তো কেউ থাকেন, কিন্তু তাঁদের ছেলেমেয়ের বিয়ে হয়েছে ওখানে। তাঁদের পাসপোর্ট আছে। তাঁরাও উদ্বেগে রয়েছেন।' এরপরই সতর্কভাবেই মুখ্যমন্ত্রী বলেন, 'আমি বেআইনি অনুপ্রবেশের কথা বলছি না। বেআইনি অনুপ্রবেশ রোখার দায়িত্ব কেন্দ্রীয় সরকারের। সীমান্তে বিএসএফ নজরদারি চালায়। বৈদেশিক ইস্যুতে কেন্দ্রীয় সরকার যা সিদ্ধান্ত নেয়, আমরা সেটা সমর্থন করি। কিন্তু আমি গত ১০ দিন ধরে দেখছি, কেন্দ্রের সরকার চুপ করে বসে আছে। তাদের দল বলছে, সীমান্ত আটকে দেবে, খাবার পাঠাতে দেবে না। কেন্দ্রীয় সরকার নির্দেশ দিলে তবেই আমরা সেটা করতে পারি। কোনও ধর্ম, বর্ণ, জাতি অত্যাচারিত হলে আমরা বলতেই পারি। আমি চাই সকলেই সুস্থ থাকুক। *এরপর পাঁচের পাতায়*



পেট্রাপোল সীমান্তে বিক্ষোভ হিন্দু সংগঠনের। সোমবার। - রাজীব মণ্ডল

## তীব্র সংকটে বাংলাদেশি গবেষকরা

অস্থির বাংলাদেশ

**দীপঙ্কর মিত্র**

**রায়গঞ্জ, ২ ডিসেম্বর :** রিসার্চ ভিসা না পাওয়ায় গবেষণার কাজ আটকে গেছে বাংলাদেশের গবেষকদের। রায়গঞ্জ বিশ্ববিদ্যালয়ে কলা বিভাগে বাংলাদেশের ৮ জন গবেষক তাদের কাজ করছিলেন। কমপক্ষে ৬ জন কোর্স ওয়ার্ক করছেন। আগামী জানুয়ারি মাসে তাদের পরীক্ষা আছে। কিন্তু ৬ মাস হল তারা রিসার্চ ভিসা পাচ্ছেন না। ফলে এদেশে আসতে পারছেন না। রিসার্চের কাজ তাদের মাঝপথে আটকে পড়েছে। রায়গঞ্জ বিশ্ববিদ্যালয়ে কলা বিভাগের একাধিক বিষয়ে তারা রিসার্চ করছে বলে জানা গিয়েছে। কিন্তু আপাতত বেশ সমস্যায় ওই গবেষকরা।

ইতিমধ্যে অনেক বাংলাদেশি ছাত্রছাত্রী গবেষণা করে পিএইচডি ডিগ্রি পেয়েছেন। কোর্স ইন ওয়ার্কের পরীক্ষায় উত্তীর্ণ হয়ে বছরখানেক আগে নিজেদের বিষয় নিয়ে নির্দিষ্ট অধ্যাপকের অধীনে গবেষণার কাজও শুরু করেছিলেন কয়েকজন। সম্প্রতি বাংলাদেশের রাজনৈতিক পালাবদলের সঙ্গে নৈরাজ্য সৃষ্টি হওয়ায় সমস্যায় পড়েছেন গবেষক পড়ুয়া এবং বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। ইংরেজি বিভাগে গবেষণা করছেন বাংলাদেশের গবেষক সুভাষ রায়। ভিসা না মেলায় তিনি আসতে পারছেন না, ফলে গবেষণা বন্ধ। অর্থনীতি বিভাগের গবেষক সরিফুল ইসলামের গবেষণার কাজ প্রায় শেষ করেও পিএইচডি ডিগ্রি পাননি।

২০১৬ সাল থেকে বাংলাদেশের পাশাপাশি নেপাল ও ভুটানের ছাত্রছাত্রীরা গবেষণার জন্য রায়গঞ্জ বিশ্ববিদ্যালয়ে আসেন। কিন্তু বর্তমানে বাংলাদেশের উত্তপ্ত পরিস্থিতির জন্য প্রতিবেশী দেশ থেকে নতুন করে কেউ আসছেন না। যারা গবেষণার কাজ করছেন, তারাও আসতে পারছেন না। বাংলা, ইতিহাস ছাড়াও বাণিজ্য বিভাগে বাংলাদেশের একাধিক পড়ুয়া গবেষণা করেছেন।

*এরপর পাঁচের পাতায়*

# 'ভিসা না পেলে বিনা চিকিৎসায় মরতে হবে'

অস্থির বাংলাদেশ

**সুবীর মহন্ত ও রূপক সরকার**

**বালুরঘাট, ২ ডিসেম্বর :** রাজনৈতিক অশান্তির জেরে ভারতে চিকিৎসা বা জরুরি প্রয়োজনে এদেশে আসতে চাওয়া বাংলাদেশিরাও পড়েছেন প্রবল হয়রানিতে। যেমন সোমবার দক্ষিণ দিনাজপুরের মাটিতে পা দিয়েই, সে দেশের যন্ত্রণার কথা তুলে ধরলেন অনেকেই। এমন পরিস্থিতিতে বাংলাদেশিদের দাবি ভিসা না পেলে উন্নত চিকিৎসার জন্য তারা ভারতে আসতে পারবে না। সেক্ষেত্রে বহু বাংলাদেশিকে একরকম বিনা চিকিৎসায় মরতে হবে।

দক্ষিণ দিনাজপুর জেলার আন্তর্জাতিক স্থলবন্দর দিয়ে বাংলাদেশ থেকে বহু নাগরিক শুধুমাত্র চিকিৎসার জন্য ভারতে আসেন। কিন্তু গত অগাস্ট মাস থেকে বাংলাদেশে অশান্তির জন্য শুধুমাত্র জরুরি ভিত্তিক চিকিৎসার প্রয়োজনে ভিসা দেওয়া হচ্ছে। আর এতেই প্রবল সমস্যায় পড়েছেন বহু বাংলাদেশি।

ভারতে চিকিৎসা করতে আসা পড়শি দেশের বাসিন্দা প্রভাস দেবনাথ বলেন, 'বাংলাদেশের বেশিরভাগ মানুষ ভারতীয় চিকিৎসার ওপর নির্ভরশীল। বর্তমানে দুই দেশের মধ্যে সুসম্পর্ক তলানিতে ঠেকেছে। যার কারণে নতুন করে ভিসা দেওয়া হচ্ছে না। ভিসা সমস্যা না মিটলে অনেকেই চিকিৎসা করাতে ভারতে আসতে পারছেন না। দ্রুত সমস্যা সমাধান না হলে বহু বাংলাদেশি বিনা চিকিৎসায় মারা যাবেন। কারণ বাংলাদেশে উন্নত চিকিৎসা নেই।'

ভারত থেকে দেশে ফিরতে চাওয়া বাংলাদেশি নাগরিক মৃদুল কুমার গোস্বামী বলেন, 'ইউনূস সরকার আসার পর থেকেই অশান্তি বেড়েছে। আমার তিন মেয়েই ভারতে পড়াশোনা করে। তাদের সঙ্গে দেখা-সাক্ষাৎ করতে ভারতে এসেছিলাম। ভিসার মেয়াদ শেষের দিকে। তাই দেশে ফিরছি। ভারতে পনেরো দিন নিশ্চিন্তে ছিলাম। এখন এক রাশ আতঙ্ক নিয়েই বাড়ি ফিরছি। জানিনা কখন কি ঘটবে।'

ভারতে চিকিৎসা করতে আসা আর এক বাংলাদেশি মোহাম্মদ হাসানুজ্জামান বলেন, 'বাংলাদেশে কিছুদিন আগে গণ অভ্যুত্থান হয়েছে। এরপরই পড়শি দেশ ভারতের সাথে সম্পর্ক খারাপ হয়। দুই দেশের তরফেই উদ্যোগ নিয়ে এই বিষয়টি মিটিয়ে ফেলা দরকার। তা না হলে ভারতে চিকিৎসা করতে বাংলাদেশিরা আসতে পারবে না। কারণ ভারতে যে সুচিকিৎসা ব্যবস্থা রয়েছে আমরাই দেশে গিয়ে এর প্রচার করেছি।' আরেক বাংলাদেশি নাগরিক স্মৃতি দেবনাথ বলেন,

### আতঙ্কে বাংলাদেশিরা

'বাংলাদেশে সংখ্যালঘু হিন্দুরা স্বাধীন নয়। চিন্ময় কৃষ্ণ দাসকে গ্রেপ্তারের পর থেকেই হিন্দুদের বেছে বেছে টার্গেট করা হচ্ছে এবং তাদের উপর আক্রমণ চালানো হচ্ছে। নিজেদের দেশে আমরা সুরক্ষিত নই।'

তথ্য বলছে, হিলি আন্তর্জাতিক স্থলবন্দর দিয়ে একটা সময় এক হাজারেরও বেশি মানুষ পারাপার করত। যার মধ্যে ৬০০ থেকে ৭০০ জনই বাংলাদেশি ভারতে শুধুমাত্র চিকিৎসার জন্য আসত। বর্তমান সেই সংখ্যা ১০০ থেকে ১৫০-তে নেমে এসেছে। অপরদিকে বাংলাদেশে উন্নত চিকিৎসা পরিষেবা ব্যবস্থা নেই। ফলে ভরসা ভারতের ওপরে করতে হয়। আবার যারা অশান্তির হাত থেকে বাঁচতে এ দেশে এসে কিছুটা হাঁফ ছাড়েন তারাও পড়েছেন প্রবল অস্বস্তিতে।

# শেষকথা তিনিই, দাবি তৃণমূল নেত্রীর

**দীপ্তিমান মুখোপাধ্যায়**

**কলকাতা, ২ ডিসেম্বর :** দলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়ের ভূমিকা নিয়ে জল্পনার মধ্যেই তৃণমূলে ক্ষমতার কেন্দ্র যে একটিই, তা ফের স্পষ্ট ভাষায় জানিয়ে দিলেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। সোমবার বিধানসভায় দলীয় বিধায়কদের নিয়ে বৈঠকে বসেন মুখ্যমন্ত্রী। সেখানেই তিনি স্পষ্ট ভাষায় জানিয়ে দেন, দলের চেয়ারপার্সন আমি। আমার কথাই শেষ কথা। একইসঙ্গে দলের মন্ত্রী, বিধায়কদের সতর্কভাবে কথা বলতে পরামর্শ দিয়েছেন মুখ্যমন্ত্রী। অভিষেকের ঘনিষ্ঠ বলে পরিচিত অশোকনগরের তৃণমূল বিধায়ক নারায়ণ গোস্বামীকে কার্যত ধমকের সুরে মুখ্যমন্ত্রী বলেন, 'তোমাকে আর এদিক-ওদিক যেতে হবে না। তুমি নিজের এলাকায় নজর দাও।' প্রসঙ্গত, কয়েকদিন আগেই পরবর্তী মুখ্যমন্ত্রী যে অভিষেক বন্দ্যোপাধ্যায়ই হবেন, সেই সওয়াল করেছিলেন তিনি। তারপরই মমতার এদিনের এই মন্তব্য যথেষ্ট তাৎপর্যপূর্ণ বলে মনে করছে রাজনৈতিক মহল।

আরজি কর নিয়ে তৃণমূল ছাত্র পরিষদের ভূমিকা নিয়ে অসন্তোষ প্রকাশ করেছিলেন তৃণমূল সাংসদ কল্যাণ বন্দ্যোপাধ্যায়। কিন্তু তা যে শুধু কথার কথা নয়, সেটা এদিন বুঝিয়ে দেন মুখ্যমন্ত্রী। তিনি বলেন, 'ছাত্র ও যুব সংগঠন আমি নতুন করে সাজাব। ওদের কাজকর্ম ঠিক হচ্ছে না।' এতদিন দলের ছাত্র ও যুব সংগঠন মূলত অভিষেকই দেখাশোনা করতেন। ফলে দলে যে মমতার সমান্তরাল কেউ নেই, তা এদিন বুঝিয়ে দিয়েছেন। একইসঙ্গে বিধায়কদের এলাকায় গিয়ে মানুষের ঘরে ঘরে পৌঁছে যেতে নির্দেশ দিয়েছেন মুখ্যমন্ত্রী। এই প্রসঙ্গে বরানগরের বিধায়ক সায়ন্তিকা বন্দ্যোপাধ্যায়ের প্রশংসাও শোনা যায় মমতার গলায়।

দলের বিধায়কদের উপস্থিতির হার নিয়ে মমতা যে অত্যন্ত ক্ষুব্ধ, তা বুঝিয়ে দিয়েছেন। মমতা বলেন, 'বিধানসভায় বিধায়করা সঠিক সময়ে আসছেন না। প্রথমার্ধে অনেক বিধায়ক থাকছেন না। এটা চলবে না।' এই প্রসঙ্গেই মমতা বলেন, 'কোনও কোনও দিন দেখা যাচ্ছে, এত কম সংখ্যক বিধায়ক থাকছেন যে, বিজেপি যদি কোনও অনাস্থা প্রস্তাব আনে, তাহলে তো সরকারই পড়ে যাবে।' বিধায়কদের বিধানসভায় আরও বেশি সংখ্যায় প্রশ্ন করার পরামর্শ দেন মমতা।

**স্পষ্ট বার্তা**

- সোমবার বিধানসভায় দলীয় বিধায়কদের নিয়ে বৈঠকে বসেন মুখ্যমন্ত্রী
- সেখানেই তিনি স্পষ্ট ভাষায় জানিয়ে দেন, দলের চেয়ারপার্সন আমি। আমার কথাই শেষ কথা
- তৃণমূল ছাত্র পরিষদের ভূমিকা নিয়ে অসন্তোষ প্রকাশ করেছেন তিনি
- বিধায়কদের এলাকায় গিয়ে মানুষের ঘরে ঘরে পৌঁছে যেতে নির্দেশ দিয়েছেন মুখ্যমন্ত্রী

**কথায় কথায়**

## বিশ্বাসে মিলায় গদি তর্কে বহুদূর

**আশিস ঘোষ**



দাদা, অঙ্ক কী কঠিন! যোগ-বিয়োগ, গুণ-ভাগ করেও সেসব যুক্তি দিয়ে মেলাতে বিস্তর মাথা চুলকোতে হয়। তাতেও কি ছাই মেলে! ধরুন, বিকেল পাঁচটায় ভোট নেওয়া বন্ধ হওয়ার সময় যা ভোট পড়েছে, রাত সাড়ে এগারোটায় সেই সংখ্যা অনেক বেড়ে গেল। পরদিন সকালে আরও বাড়ল।

অঙ্কের এই ধাঁধা জলবৎ তরলং নয়। পুরোনো অঙ্ক নতুন করে সামনে এল মহারাষ্ট্রের বিধানসভা ভোটের পর। নির্বাচন কমিশনের হিসেবে সে রাজ্যে বিকেল পাঁচটা পর্যন্ত ভোট পড়েছে ৫৮.২২ শতাংশ। রাত সাড়ে এগারোটায় সেই হার দাঁড়াল ৬৫.০২। পরের দিন বেড়ে হল ৬৬.০৫। একেবারে ৭.৮৬ পার্সেন্ট বৃদ্ধি। গোদা হিসেবে ৭৬ লক্ষ ভোটের ফারাক।

যুক্তিটা হল, পাঁচটায় যখন বুথের ঝাঁপ পড়ে, তখন ভোটকেন্দ্রে ঢোকার দরজা বন্ধ করে দিতে হয়। তখন ভোটের লাইনে দাঁড়ানো ভোটারদের হাতে ধরাতে হয় নম্বর লেখা স্লিপ। একদম শেষের লোকটির হাতে যাবে এক নম্বর লেখা স্লিপ। বুথের একদম সামনের লোকটির হাতে দেওয়া হবে শেষ নম্বরের স্লিপ। পাঁচটা পর্যন্ত ভোট কত পড়ল, বিভিন্ন দলের এজেন্টদের হিসেব মিলিয়ে পোলিং অফিসারকে হিসেব লিখে রাখতে হয়। *এরপর পাঁচের পাতায়*

# রাজস্থানে মালদার শ্রমিককে 'খুন'

**সেনাউল হক**

**কালিয়াচক, ২ ডিসেম্বর :** আবার রাজস্থানে মালদার পরিযায়ী শ্রমিককে খুনের অভিযোগ উঠল। এবার কালিয়াচকের এক শ্রমিককে গাঁইতি দিয়ে খুন করার অভিযোগ উঠেছে সহকর্মী এক শ্রমিকের বিরুদ্ধে। আরও অভিযোগ, রাজস্থানে পরিজনরা ছুটে গেলে মৃতদেহ প্রথমে দেখতে দেওয়া হয়নি। এমনকি থানায় অভিযোগ জানাতেও বাধা দেওয়া হয়। এরপরই ক্ষোভে ফেটে পড়েন তাঁরা।

মৃত শ্রমিকের নাম করিম শেখ (৩০), তাঁর বাড়ি কালিয়াচকের জালুয়াবাধাল পঞ্চায়েতের উত্তর কদমতলা গ্রামে। ফোন মারফত তাঁর মৃত্যুর খবর বাড়িতে পৌঁছাতেই শোকে ভেঙে পড়েন পরিবারের লোকজন। মৃত শ্রমিকের দেহ বাড়িতে ফিরিয়ে আনার তোড়জোড় শুরু করেছেন এলাকার বাসিন্দারা।

করিমের স্ত্রী নুরজাহান বিবি জানান, 'আমাকে ফোন করে বলেছিল, গাঁইতি দিয়ে ওর পেটে আঘাত করেছিল বামনগ্রামের একজন। তারপর আমরা আবার ফোন করি। কিন্তু আর কথা হয়নি। আমার স্বামীকে যারা খুন করেছে, পুলিশ তাদের অবিলম্বে গ্রেপ্তার করে শাস্তি দিক।'

**অভিযোগ**

- ২৭ নভেম্বর বিকেলে এক শ্রমিকের সঙ্গে কর্মস্থলেই গণ্ডগোল বাধে করিমের
- তার জেরে ওই শ্রমিক গাঁইতি দিয়ে তাঁর পেটে আঘাত করে
- রক্তাক্ত অবস্থায় মাটিতে লুটিয়ে পড়ে করিম। স্থানীয় এক হাসপাতালে ভর্তি করলেও শেষরক্ষা হয়নি

বাবা মানসুর শেখের অভিযোগ, 'গাঁইতি দিয়ে ছেলের পেটে আঘাত করা হয়েছে, এটা শোনার পর বাড়ি থেকে তিনজনকে রাজস্থানে পাঠিয়েছিলাম। সেখানে পাহাড়পুরের ঠিকাদার আমাদের লোকদেরও আটকে রাখে। ছেলের দেহের কাছে যেতে দেওয়া হয়নি। এমনকি ঠিকাদার চাপ দেয়, যাতে থানায় কোনও অভিযোগ না করা হয়। আমরা ওই ঠিকাদার তাসিউর রহমান সহ দোষীদের শাস্তির দাবি জানাচ্ছি।'

তিন মাস আগে শ্রমিকের কাজ করতে রাজস্থানে গিয়েছিল করিম। এলাকার মসিমপুর বামনগ্রাম পঞ্চায়েতের পাহাড়পুর গ্রামের তাসিউর রহমান নামে এক ঠিকাদারের সঙ্গে তিনি কাজে যান। তবে কদমতলা গ্রামের করিম শেখ ছাড়া অন্য কোনও শ্রমিক সেই দলে ছিল না। বেশিরভাগ শ্রমিকই ছিল বামনগ্রাম ও পাহাড়পুর এলাকার। জানা যাচ্ছে, ২৭ নভেম্বর বিকেলে এক শ্রমিকের সঙ্গে কর্মস্থলেই গণ্ডগোল বাঁধে করিমের। তার জেরে ওই শ্রমিক গাঁইতি দিয়ে তাঁর পেটে আঘাত করে। রক্তাক্ত অবস্থায় মাটিতে লুটিয়ে পড়ে করিম। শেষরক্ষা হয়নি। সেখানেই মৃত্যু হয় তাঁর।

পরিবারের লোকজন জানান, আহত অবস্থায় করিম তাঁর স্ত্রী ও বাবাকে ফোন করেছিলেন। তাঁকে গাঁইতি দিয়ে আঘাত করার কথা জানান। যদিও আহত হওয়ার পর পরিবারের লোকজন ফোন করলে আর তাঁকে ফোনে পাওয়া যায়নি। খবর জানার পরেই পরিবারের লোকজন রাজস্থান ছুটে যান। ঠিকাদার মৃতদেহের কাছে পৌঁছাতে দেয়নি বলে অভিযোগ।

কদমতলা গ্রামের বাসিন্দা সাইদুল ইসলাম জানান, 'আমরা গ্রামের মানুষ টাকা দিয়ে লোক পাঠিয়েছি। মৃতদেহ নিয়ে আসার চেষ্টা করা হচ্ছে।'

অবশ্য এবারই প্রথম নয়, এর আগেও রাজস্থানে মালদার একাধিক শ্রমিককে খুনের অভিযোগ উঠেছে। কয়েক বছর আগে কালিয়াচকেরই আফরাজুল শেখকে সেখানে প্রকাশ্যে পুড়িয়ে মারা হয়েছিল। হরিশ্চন্দ্রপুরের এক শ্রমিককেও সেখানে পিটিয়ে খুন করার অভিযোগ ওঠে। কেন রাজস্থানেই বারবার এমন অভিযোগ উঠছে, তা নিয়ে প্রশ্ন ছড়িয়েছে জেলার পরিযায়ী শ্রমিক মহলে।

উত্তরবঙ্গের কিছু নির্বাচিত খবরের ভিডিও দেখতে কিউআর কোড স্ক্যান করুন

**এডিশন স্পেশাল**

ডায়াগনস্টিক সেন্টারে দেহ ফেলে পলাতক

বিস্তারিত দুইয়ের পাতায়

১৬ দিন পরেও ওঠেনি মেলা

বিস্তারিত নয়ের পাতায়

# ডায়াগনস্টিক সেন্টারে দেহ ফেলে পলাতক

**সৌরভকুমার মিশ্র**

**হরিশ্চন্দ্রপুর, ২ ডিসেম্বর :** গৃহবধূকে শ্বাসরোধ করে খুনের পর ডায়াগনস্টিক সেন্টারে দেহ ফেলে পালানোর অভিযোগ উঠল শ্বশুরবাড়ির সদস্যদের বিরুদ্ধে। মৃত বধূর নাম খালেদা খাতুন (২৪)। ঘটনাটি ঘটেছে হরিশ্চন্দ্রপুর থানা এলাকার লতাসি গ্রামে। ঘটনার খবর পেয়ে পুলিশ মৃতদেহটি উদ্ধার করে শনিবারই মালদায় পাঠায়। হরিশ্চন্দ্রপুর থানায় স্বামী সহ শ্বশুরবাড়ির মোট আটজনের বিরুদ্ধে অভিযোগ দায়ের করা হয়েছে।

স্থানীয় ও পুলিশসূত্রে খবর, আট বছর আগে রাঙ্গায়পুরের আবদুল লতিফের মেয়ে খালেদার সঙ্গে ওই গ্রামেরই মহম্মদ আলির বিয়ে হয়। তাঁদের দুই ছেলেমেয়ে বর্তমান। মৃত বধূর বাবারবাড়ির সদস্যদের অভিযোগ, শনিবার তাঁরা মেয়ের শ্বশুরবাড়ির প্রতিবেশীদের মুখ থেকে খবর পান যে, খালেদা গুরুতর অসুস্থ। তাঁকে মশালদহ নিয়ে যাওয়া হয়েছে। বাড়ির লোকেরা সেখানে ছুটে গিয়ে দেখতে পান মশালদহ এলাকার একটি বেসরকারি ডায়াগনস্টিক সেন্টারে তাদের বাড়ির মেয়ে পড়ে রয়েছে। কিন্তু মেয়ের শ্বশুরবাড়ির লোকজন সেখানে উপস্থিত নেই। খোঁজ নিয়ে জানতে পারেন, মেয়েকে রেখেই তাঁরা উধাও হয়ে যান। এরপরই তড়িঘড়ি মেয়েকে মশালদহ গ্রামীণ

## গৃহবধূকে ‘খুনের’ অভিযোগ

হাসপাতালে নিয়ে গেলে উপস্থিত চিকিৎসক খালেদাকে মৃত বলে ঘোষণা করেন। খালেদার বাবার বাড়ির সদস্যদের দাবি, মেয়েকে মারধর করে মেরে ফেলে তারপরে ডায়াগনস্টিক সেন্টারে আনা হয়। মেয়ের গায়ে ক্ষতচিহ্ন রয়েছে।

মেয়ের বাবা আবদুল লতিফ বলেন, আট বছর আগে বিয়ে দিয়েছিলাম। বিয়ের পর থেকেই অশান্তি চলছিল। মেয়ের দুটো ছেলেমেয়ে। মাঝে মাঝেই আমরা গিয়ে মেয়ের শ্বশুরবাড়ির লোকের সঙ্গে বসে মীমাংসা করে আসতাম। কিন্তু এইভাবে মেয়ের শেষ পরিণতি হবে ভাবতে পারছি না।’

মা মুক্তারা বিবি বলেন, ‘মেয়ে অনেক কষ্টে ছিল, তবুও বিচ্ছেদ চাইনি। ছেলেমেয়ের মুখের দিকে তাকিয়ে মেয়েও বিচ্ছেদ চাইত না। প্রথমদিকে মারধরের কথা আমাদের ফোনে জানাত। শেষের দিকে আর সেরকমভাবে কিছু জানাত না। ওর স্বামী আর শ্বশুরবাড়ির লোকেরা ওকে অত্যাচার করে মেরে ফেলল। আমরা ওদের শাস্তি চাই।’

স্থানীয় ডায়াগনস্টিক সেন্টারের ম্যানেজার নুরুল আলম বলেন, ‘মেয়েটির পরিবারের লোকেরা ওকে এখানে নিয়ে আসে। আমরা ওকে পরীক্ষা করে জানতে পারি মেয়েটি অনেকক্ষণ আগে মারা গিয়েছে।’

শ্বশুরবাড়ির প্রতিবেশী মহম্মদ হুমায়ূন বলেন, ‘সকালে শুনতে পাই মহম্মদ আলির বৌ ফাঁসি দিয়েছে। কিন্তু ওই গৃহবধূ আত্মহত্যা করেছে, নাকি তাঁকে খুন করা হয়েছে, আমরা সঠিক জানি না।’

হরিশ্চন্দ্রপুর থানার পুলিশ জানিয়েছে, মৃতদেহটি উদ্ধার করে ময়নাতদন্তের জন্য পাঠানো হয়েছে। অভিযোগ জমা পড়েছে। কিন্তু অভিযুক্তরা পলাতক। ঘটনার তদন্ত চলছে। স্থানীয়দের দাবি, ঘটনার পূর্ণাঙ্গ তদন্ত করে দোষীদের শাস্তির ব্যবস্থা করা হোক। এ বিষয়ে পুলিশ সঠিকভাবে তদন্ত করুক।



এইডস সচেতনতায় বালুরঘাটে র‍্যালি। সোমবার ছবিটি তুলেছেন অভিজিৎ সরকার।

## কুমারগঞ্জে হয়রানির শিকার কৃষকরা

# সহায়কমূল্যে ধান কেনা কার্যত বন্ধ

**সাজাহান আলি**

**কুমারগঞ্জ, ২ ডিসেম্বর :** সরকারি সহায়কমূল্যে ধান বিক্রি করতে এসে হয়রানির শিকার হচ্ছেন কৃষকরা। মাথাপিছু সর্বাধিক ৩০ কুইন্টাল ধান নেওয়ার কথা থাকলেও ১০ কুইন্টালের বেশি ধান কৃষকদের কাছ থেকে নেওয়া হচ্ছে না বলে অভিযোগ উঠেছে। আবার কারও কাছ থেকে অনেক বেশি দরে ধান কেনা হচ্ছে বলেও অভিযোগ। কৃষকদের অনেকেই কিষান মান্ডিতে ধান কেনার ক্ষেত্রে দালালদের দৌরাত্ম্য চলছে বলে অভিযোগ তুলেছেন। সরকারি সহায়কমূল্যে ধান কেনার ক্ষেত্রে কৃষকদের নানা অভিযোগ উঠেছে কুমারগঞ্জ ব্লকের বরাহর কিষান মান্ডির বিরুদ্ধে। অবশ্য ধান বিক্রি করতে এসে চাষিদের নানা সমস্যার সম্মুখীন হওয়ার অভিযোগের বিষয়গুলিকে অত্যন্ত গুরুত্ব দিয়ে সমাধানের আশ্বাস দিয়েছেন কুমারগঞ্জের বিডিও।

সোমবার কুমারগঞ্জের বরাহর কিষান মান্ডিতে অন্যান্য কৃষকদের সঙ্গে স্বামীকে নিয়ে ধান বিক্রি করতে এসেছিলেন সাহাপুকুর গ্রামের চাষি আখতারুন বিবি। কিন্তু কিন্তু তাঁর কাছ থেকে মাত্র ১০ কুইন্টাল ধান নেওয়া হবে বলে কিষান মান্ডি থেকে জানালে তিনি ক্ষোভ উগরে দেন। এদিন অন্যান্য কৃষকের সঙ্গে তিনি অভিযোগ করেন, অনলাইনে বুকিংয়ের সময় ৩০ কুইন্টাল ধান নেওয়া হবে বলে জানানো হলেও মাত্র ১০ কুইন্টাল ধান নেওয়া হচ্ছে। এই নিয়ে তিনি ক্ষোভ প্রকাশ করলে তাকে আলাদাভাবে ডেকে নিয়ে বুঝিয়ে আরও ১০ কুইন্টাল ধান নেওয়া হয়। কিন্তু এই নিয়ম সকলের ক্ষেত্রে প্রযোজ্য হওয়া দরকার বলে আখতারুন বিবি জোরালোভাবে দাবি করেন। এছাড়া কিছু লোকজন একাধিক কার্ড নিয়ে এসে বিপুল পরিমাণে ধান বিক্রি করছেন বলে অনেকেরই অভিযোগ।

**সমস্যার কথা**

- সরকারি সহায়কমূল্যে মাথাপিছু সর্বাধিক ৩০ কুইন্টাল ধান নেওয়ার কথা থাকলেও ১০ কুইন্টালের বেশি ধান কৃষকদের কাছ থেকে নেওয়া হচ্ছে না
- আবার কারও কাছ থেকে অনেক বেশি দরে ধান কেনা হচ্ছে বলেও অভিযোগ
- কৃষকদের অনেকেই কিষান মান্ডিতে ধান কেনার ক্ষেত্রে দালালদের দৌরাত্ম্য চলছে বলে অভিযোগ করেন
- কৃষকদের নানা অভিযোগ উঠেছে কুমারগঞ্জ ব্লকের বরাহর কিষান মান্ডির বিরুদ্ধে

এব্যাপারে মিজানুর মণ্ডল, গফফর মণ্ডলের মতো কৃষকদের একটা অংশ গুরুতর অভিযোগ তুলেছেন। কুমারগঞ্জ ব্লকের বরাহর কিষান মান্ডিতে দালালদের দৌরাত্ম্য চলছে। অনেকেই প্রভাব খাটিয়ে বেশি পরিমাণে ধান বিক্রি করছেন। এটা বন্ধ হওয়া দরকার এবং সরকারি নির্দেশ মতো কৃষকদের কাছ থেকে নির্দিষ্ট পরিমাণ ধান কেনা উচিত বলে কৃষকদের বক্তব্য। শুকনো ধান দেওয়ার পরে কুইন্টাল প্রতি পাঁচ কেজি করে ঝাড়াই করা ধানের বাড়তি অংশ বাদ দেওয়ার বা ধলতা নেওয়ারও বিরোধিতা করেন কৃষকরা।

কিষান মান্ডিতে ধান বিক্রির ক্ষেত্রে কৃষকদের একগুচ্ছ অভিযোগ তথা সমস্যা নিয়ে দৃষ্টি আকর্ষণ করা হলে কুমারগঞ্জের বিডিও শ্রীবাস বিশ্বাস গুরুত্ব দিয়ে তাঁদের অভিযোগগুলি শোনেন। পরে তিনি বলেন, ‘আমি যত তাড়াতাড়ি সম্ভব জেলা খাদ্য দপ্তরের আধিকারিকদের সঙ্গে কথা বলে বিষয়টি দেখার চেষ্টা করছি। মূল কথা, কৃষকরা যাতে কোনওভাবেই ধান বিক্রি করতে এসে সমস্যার মধ্যে না পড়েন তা অবশ্যই গুরুত্ব দিয়ে দেখা হবে।’



কুমারগঞ্জের কিষান মান্ডিতে ধান বিক্রি। সোমবার ছবিটি তুলেছেন সাজাহান আলি।

## জয়েন্ট বিডিও’র পিএ পরিচয় দিয়ে ফোন

# সাইবার প্রতারনায় টাকা খোয়ালেন কৃষক

**দিলীপকুমার তালুকদার**

**বুনিয়াদপুর, ২ ডিসেম্বর :** দিন দিন সাহসী হয়ে উঠছে সাইবার প্রতারকরা। নিজেদের স্বার্থসিদ্ধিতে ভুয়ো প্রশাসনিক কর্তাদের নাম ব্যবহার শুরু করেছে তারা। এভাবেই প্রতারণার জাল বিছিয়ে বংশীহারীর এক প্রান্তিক কৃষকের সঞ্চিত সমস্ত অর্থ তারা আত্মসাৎ করেছে। প্রতারিত কৃষকের নাম মোকলেসুর রহমান। বাড়ি ব্রজবল্লভপুর পঞ্চায়েতের মদনপুর গ্রামে। বিডিওর পরামর্শে তিনি বালুরঘাটের সাইবার ক্রাইম থানায় লিখিত অভিযোগ জানাবেন বলে জানিয়েছেন।

রবিবার মোকলেসুরের কাছে একটি ফোন আসে। ফোনের ওপার থেকে কেউ নিজেকে রাকেশ মুখার্জি বলে পরিচয় দেয়। জানায়, সে বংশীহারীর জয়েন্ট বিডিওর পিএ। ওই ব্যক্তি মোকলেসুর সাহেবকে বলে, তাঁর নাম বাংলা আবাস যোজনার তালিকায় উঠেছে। তার জন্য পাঁচ হাজার টাকা ৭৩৬৩৯৩৪৮৮৬ মোবাইল নম্বরে পাঠাতে হবে। তার জন্য তাঁর ব্যাংক অ্যাকাউন্ট নম্বর দিতে হবে। মোকলেসুর সাহেব ফোনের ওপারে থাকা ব্যক্তিকে বলেন, তিনি গরিব মানুষ। অত টাকা দিতে পারবেন না। খুব সামান্য টাকাই দিতে পারবেন। তাঁর কথায় রাজি হয়ে যায় ফোনের ওপারে থাকা ব্যক্তি। এরপরেই মোকলেসুর সাহেব নিজের ব্যাংক অ্যাকাউন্ট নম্বর পাঠিয়ে দেন। খানিক বাদেই তাঁর ব্যাংক অ্যাকাউন্ট থেকে ২৯৪৪ টাকা উধাও হয়ে যায়। এরপর তিনি একাধিকবার রাকেশকে ফোন করলেও সে তাঁর ফোন ধরেনি। পরে খোঁজখবর নিয়ে জানা যায়, রাকেশের দেওয়া ফোন নম্বরটি জনৈক তুলসী খাটুয়ার।

মোকলেসুর বলেন, ‘বাংলা আবাস যোজনার ঘর পাব জেনে খুশি হয়েছিলাম। তার উপর জয়েন্ট বিডিওর পিএ ফোন করে টাকা এবং ব্যাংকের অ্যাকাউন্ট নম্বর চাওয়ায় আমার আশা আরও বেড়ে যায়। এভাবে যে প্রতারিত হব, কে জানত! এই সামান্য টাকা ছিল আমার শেষ সম্বল। সেটাও নিয়ে নিল। বিডিওর পরামর্শে বালুরঘাটে গিয়ে সাইবার ক্রাইম থানায় অভিযোগ জানাব।’

বংশীহারীর বিডিও সুব্রত বল বলেন, ‘কী দুঃসাহস! শেষ পর্যন্ত জয়েন্ট বিডিওর পিএ পরিচয় দিয়ে গরিব মানুষের সর্বনাশ করার খেলায় মেতেছে অপরাধীরা। আমাদের মতো সরকারি কর্মীর আবার পিএ! যে ব্যক্তি নিজেকে রাকেশ মুখার্জি পরিচয় দিয়ে ফোন করেছিল, তার মোবাইল নম্বর ৭৬৭৯৫৯৭৬০৭। আমি প্রতারিত ব্যক্তিকে সাইবার ক্রাইম থানায় অভিযোগ দায়ের করার পরামর্শ দিয়েছি। এই সমস্ত প্রতারকদের কঠোর শাস্তি হওয়া দরকার।’



অভিযোগপত্র হাতে কৃষক। - সংবাদচিত্র

# এইডস মুক্তির দাবিতে শোভাযাত্রা

**করণদিঘি, ২ ডিসেম্বর :** সিনির ও করণদিঘি পঞ্চায়েত সমিতির উদ্যোগে এইচআইভি সংক্রমণ সম্পর্কে জনগণকে সচেতন করতে এবং এর সঙ্গে সম্পর্কিত ভুল ধারণা, চিকিৎসা সম্পর্কে তথ্য প্রদানের লক্ষ্যে প্রতি বছরের ন্যায় এবারেও সোমবার বিশ্ব এইডস দিবস উপলক্ষ্যে একটি বর্ণাঢ্য শোভাযাত্রার আয়োজন করা হয়েছিল।

সিনির ব্লক কোঅর্ডিনেটর বিক্রম সিংহ জানান, ‘বিশ্ব এইডস দিবস উদযাপনের মূল উদ্দেশ্য শুধুমাত্র এই সংক্রমণ এবং এর চিকিৎসা সম্পর্কে সারা বিশ্বের মানুষের মধ্যে সচেতনতা ছড়িয়ে দেওয়া নয়, সেইসঙ্গে সেই সমস্ত মানুষের প্রতি সংহতি বা সমর্থন জানানো এবং যারা এইডস-এ আক্রান্ত তাঁদের সাহায্য করা।’

এই কর্মসূচি উপলক্ষ্যে শিশুদের হিমোগ্লোবিন ও ডায়াবেটিস পরীক্ষা করা হয়। উপস্থিত ছিলেন করণদিঘি ব্লকের বিডিও জয়ন্ত দেবব্রত চৌধুরী, পঞ্চায়েত সমিতির সভাপতি নেহা আজম, গার্লস স্কুলের ছাত্রীরা ও বিভিন্ন স্বেচ্ছাসেবী সংগঠনের কর্মী সহ সমাজকর্মীরা।

# আবাসে দুর্নীতি রুখতে প্রচার

**হরিশ্চন্দ্রপুর, ২ ডিসেম্বর :** উত্তরবঙ্গ সংবাদ-এর খবরের জেরে আবাস প্রকল্প নিয়ে কড়া পদক্ষেপ নিল হরিশ্চন্দ্রপুর-২ নম্বর ব্লক প্রশাসন। এলাকাজুড়ে শুরু হল মাইকিং। বিডিও তাপসকুমার পালের নির্দেশে সোমবার টোটো করে মাইকিং প্রচার করা হয়। প্রচারে বলা হয়, আবাস যোজনার ঘরের জন্য কেউ যাতে কোথাও টাকা না দেয়। কোনওভাবেই দুর্নীতির ফাঁদে পা যেন না দেয়। আর কোথাও দুর্নীতি হলেই প্রশাসনকে অভিযোগ জানাতে বলা হয়।

উল্লেখ্য, মালিওর-২ পঞ্চায়েতের সোনাকুল এলাকায় আবাসের তালিকায় র‍্যাশন ডিলারের নাম সহ একাধিক বেনিয়ম এবং দুর্নীতির চিত্র সামনে উঠে আসে। অভিযোগ ওঠে কাটমানি চাওয়ার। স্থানীয় তৃণমূলের পঞ্চায়েত সদস্যার নামও আসে। তারপরেই নড়েচড়ে বসল প্রশাসন।

বিডিও তাপস পাল জানান, ‘আবাস প্লাস নিয়ে সচেতন করতে এই মাইকিং শুরু হয়েছে।’

# শীত পড়তেই গঙ্গার চরে অতিথি পাখিদের ভিড়

**কল্লোল মজুমদার**

**মালদা, ২ ডিসেম্বর :** শীতের হালকা আমেজ। গায়ে সোয়েটার তোলার দরকার এখনও হচ্ছে না। ভোরবেলার দিকে হালকা কুয়াশা। কুয়াশা চাইতে বলা ভালো, দৃশ্যমানতা কিছুটা কম। গঙ্গার মূল শাখা ধরে নৌকা এগিয়ে চলেছে চরের দিকে।

চরের কাছাকাছি পৌঁছানোর আগে মাঝি সায়েদ শেখ বলে উঠলেন, ‘দেখুন তো... শুকনো ডালের উপর কি বসে আছে?’ চোখে দূরবিন লাগাতেই বোঝা গেল ওগুলো আর কিছুই নয়, তিন তিনটে উলি-নেক স্টর্ক। এই পাখিগুলি অত্যন্ত সংকটাপন্ন অবস্থায় রয়েছে।

বাংলা নাম সাদা গলা সারস। ইন্দোনেশিয়া থেকে ভারতের কিছু অঞ্চলে সাদা গলা সারসের দেখা পেলেও সংখ্যায় খুব কম। আর গত কয়েক বছর ধরে শীতকালে মালদার পঞ্চানন্দপুরের গঙ্গার চরে এসে যায় এই প্রজাতির সারস। কোনও বছর তিনটা, কোনও বছর চার-পাঁচটার সন্ধান পাওয়া গিয়েছে। এবার শুকনো ডালে বসে থাকতে দেখা গেল একসঙ্গে তিনটি।

অর্থাৎ বলা যেতে পারে, জাঁকিয়ে শীত না পড়লেও পঞ্চানন্দপুরে আসতে শুরু করেছে পরিযায়ী পাখিরা। পাখিপ্রেমী কৃষ্ণগোপাল দাসের কথায়, ‘এক চর থেকে অন্য চরের দিকে নৌকা এগোতেই লক্ষ করা গেল গাংচিল, পানচিল, ছোট পানকৌড়িদের ঝাঁক। আবার দেখা মিলেছে ভূতিহাঁসেরও। রবিবার আমরা সারাদিন ঘুরে ১৭ রকমের পাখির সন্ধান পেয়েছি।'

ওয়াইল্ড লাইফ ফটোগ্রাফার সুহাশিস চক্রবর্তী জানিয়েছেন, ‘ঝাড়খণ্ড সংলগ্ন একটি চরে দেখা মিলেছে নীলগলা ফিদ্দার। এই পাখির আরও কিছু নাম রয়েছে, যেমন গুপিগেরা বা গুপিকণ্ঠ।’

রবিবার মালদা শহর থেকে দলবেঁধে পঞ্চানন্দপুরে পাখি দেখতে এবং ছবি তুলতে গিয়েছিলেন কয়েকজন বন্যপ্রাণপ্রেমী। এমনই একজন তাপস কুণ্ডু জানান, ‘মালদায় এখনও তেমন শীত পড়েনি। তবুও পঞ্চানন্দপুরে অর্থাৎ ফরাক্কা আইবিএ তে পরিযায়ী পাখিরা আসতে শুরু করেছে। এটা একটা ভালো লক্ষণ। তবে পাখি সংরক্ষণ এবং পাখিদের জন্য আদর্শ পরিবেশ গড়ে তোলা অত্যন্ত জরুরি। কিন্তু দেখা যাচ্ছে চরে নানা ধরনের রাসায়নিক সার ব্যবহার করে দেদার চাষ চলছে। বিষয়টি নিয়ে বন দপ্তরের উদ্যোগে চাষিদের সচেতন করলে আগামীতে পঞ্চানন্দপুরকে কেন্দ্র করে গড়ে উঠতে পারে এক আদর্শ পর্যটনকেন্দ্র।’



পঞ্চানন্দপুরে গঙ্গার চরে পরিযায়ী পাখি। সোমবার মোথাবাড়িতে। - সংবাদচিত্র

# ট্রেনের চাকায় প্রৌঢ়র পা কাটা পড়ল

**হরিশ্চন্দ্রপুর, ২ ডিসেম্বর :** স্ত্রী, দুই সন্তান ও বৃদ্ধ বাবা-মাকে নিয়ে সংসার সন্তোষ সাহার। প্রতিদিন মালদা-কাটিহার লাইনে লোকাল ট্রেনে হকারি করেন ভালুকা বাজারের ৫৫ বছরের এই বাসিন্দা। পায়ে সামান্য খুঁত থাকায় খুঁড়িয়ে খুঁড়িয়ে হাঁটতে হয়। এভাবেই দীর্ঘদিন ধরে ট্রেনে হকারি করতেন সন্তোষ সাহা। সোমবার ভাগ্যদেবতা বিরূপ ছিলেন।

মালগাড়ির নীচ দিয়ে তিনি লাইন পার হচ্ছিলেন। আচমকা মালগাড়িটি চলতে শুরু করলে সন্তোষ সাহা হকচকিয়ে যান। ট্রেনের চাকায় তাঁর বাম পা কাটা পড়ে। সেই সময় স্টেশনে উপস্থিত যাত্রীরা তাঁকে উদ্ধার করে হরিশ্চন্দ্রপুর গ্রামীণ হাসপাতালে নিয়ে যান। সেখানে তাঁর চিকিৎসা চলছে। হাসপাতাল সূত্রে খবর, তাঁর অবস্থা স্থিতিশীল। পরিবারের একমাত্র রোজগেরে চিরকালের জন্য বিশেষভাবে সক্ষম হয়ে পড়ায় পরিবার রীতিমতো চিন্তায়। আগামীদিনে সংসার কীভাবে চলবে, তা তারা ভেবেই পাচ্ছে না।

# ট্রেন থেকে পড়ে মৃত দিনমজুর

**মালদা, ২ ডিসেম্বর :** ভিনরাজ্য থেকে বাড়ি ফেরার পথে চলন্ত ট্রেন থেকে পড়ে মৃত্যু হল দিনমজুরের। রবিবার রাতে ঘটনাটি ঘটেছে মালদা শহরের রথবাড়ি এলাকায়। মৃতদেহ ময়নাতদন্তে পাঠিয়ে ঘটনার তদন্ত শুরু করেছে রেলপুলিশ। মৃত ব্যক্তির নাম জাকেরুল শেখ (৪৮)। তাঁর বাড়ি কালিয়াচকের যদুপুর এলাকায়।

পুলিশ জানিয়েছে, প্রায় ১০ দিন আগে বেনারসে ফেরির কাজ করতে গিয়েছিলেন জাকেরুল। সেখানে তিনি অসুস্থ হয়ে পড়েন। রবিবার সকালে হরিদ্বার থেকে বাড়ি ফেরার উদ্দেশ্যে ট্রেন ধরেন তিনি। আনুমানিক রাত দুটো নাগাদ রেলপুলিশের কাছে খবর আসে, রথবাড়ি এলাকায় এক ব্যক্তির দেহ পড়ে রয়েছে। তড়িঘড়ি রেলপুলিশের কর্মীরা দেহটিকে উদ্ধার করে মালদা মেডিকেলে পাঠান। কর্তব্যরত চিকিৎসকরা জাকেরুলকে মৃত বলে ঘোষণা করেন। প্রাথমিকভাবে রেলপুলিশের অনুমান, রথবাড়ি এলাকায় চলন্ত ট্রেন থেকে নামতে গিয়েই এই দুর্ঘটনা ঘটেছে। মৃতদেহ ময়নাতদন্তের জন্য মালদা মেডিকেলে পাঠিয়ে আপাতত একটি অস্বাভাবিক মৃত্যুর মামলা রুজু করে ঘটনার তদন্ত শুরু করেছে রেলপুলিশ।

# সচেতনতা কর্মশালা

**মালদা, ২ ডিসেম্বর :** কর্মক্ষেত্রে অবমাননা বা নির্যাতনের মতো ঘটনার সম্মুখীন হলে কী করণীয়, এক্ষেত্রে কী কী আইন রয়েছে তা নিয়ে সচেতনতা বাড়াতে সোমবার মালদা মেডিকেলে আয়োজিত হল এক কর্মশালা। মেডিকেল ও নার্সিং কলেজের পড়ুয়াদের পাশাপাশি উপস্থিত ছিলেন অধ্যাপক ও আধিকারিকরা।

পার্থপ্রতিম মুখোপাধ্যায় বলেন, ‘কর্মক্ষেত্রে অবমাননা ও নির্যাতনের ঘটনা নিয়ে আজ একটি সচেতনতামূলক শিবিরের আয়োজন করা হয়েছে। এই ধরনের ঘটনার জন্য মালদা মেডিকেলের একটি কমিটি রয়েছে। সেই কমিটির কাছে কীভাবে আবেদন করা যাবে, এক্ষেত্রে কী কী আইন রয়েছে তা এই আলোচনার মধ্যে তুলে ধরা হয়েছে।’

# সিরাপ পাচার বন্ধ করতে থানা দাবি

**বিশ্বজিৎ সরকার**

**রায়গঞ্জ, ২ ডিসেম্বর :** ভারত-বাংলাদেশ সীমান্তবর্তী বিন্দোল পঞ্চায়েতে ঘন কুয়াশার সুযোগে এবার শুরু হয়েছে মাদক পাচার। সীমান্ত দিয়ে দেদার নির্বিবাদে পাচার হচ্ছে নেশার সিরাপ। এলাকায় একটি থানা তৈরির জোরালো দাবি জানিয়েছেন স্থানীয়রা।

স্থানীয় সূত্রের খবর, শীত পড়তেই পাচারকারীদের ঘুম ভাঙে। কাঁটাতার কেটে বা নদীপথে বাংলাদেশে পাচার হত গোরু। এবার পাচার হচ্ছে নানা ধরনের মাদকদ্রব্য। গ্রামের বাসিন্দা রাবেয়া খাতুন বলেন, ‘মাঝে মাঝেই নেশার সিরাপ পাচারের ঘটনা ঘটছে। পাচারকারীরা জমির উপর দিয়ে গোরু নিয়ে যাওয়ায় ফসলও নষ্ট হচ্ছে। এলাকায় প্রায়ই চুরি ছিনতাই হচ্ছে। আমরা অতিষ্ঠ।’

স্থানীয়দের দাবি এখানে একটি থানা না হলেই নয়। বিন্দোল পঞ্চায়েত এলাকা রায়গঞ্জ থানার অধীনে। থানা থেকে এলাকার দূরত্ব ২৮ কিলোমিটার। এখানে কোনও ঘটনা ঘটলে রায়গঞ্জ থেকে ঘটনাস্থলে পুলিশ পৌঁছাতে অনেকটা সময় লেগে যায়। পাশেই ভাটোল পঞ্চায়েত। সেখানে পুলিশের একটি ক্যাম্প রয়েছে। তবে তার দূরত্ব ১৫ কিলোমিটার।

রায়গঞ্জ জেলা পুলিশসূত্রে খবর, ভাটোল ক্যাম্পে পাঁচজন পুলিশ আধিকারিক, মহিলা কনস্টেবল, পুরুষ কনস্টেবল এবং সিভিক রয়েছে। এলাকায় টহলদারির জন্য তাদেরকে দু’টি গাড়ি দেওয়া হয়েছে। ওই এলাকায় কোনও ঘটনা ঘটলে ভাটোল ক্যাম্প থেকেই পুলিশ ঘটনাস্থলে যায়।

এই প্রসঙ্গে সীমান্ত রক্ষীবাহিনীর উত্তরবঙ্গ ফ্রন্টের ইনস্পেকটর জেনারেল সূর্যকান্ত শর্মা বলেন, ‘চোরাচালান ও অনুপ্রবেশ রুখতে জওয়ানরা তৎপর। হাইমাস্ট লাগানো হয়েছে। পাশাপাশি জওয়ানদের সংখ্যাও বৃদ্ধি করা হয়েছে।’

# বড় রাস্তায় উঠতে পালটাতে হয় পোশাক

**গৌতম দাস**

## গাজোলে রাস্তার বিকল্প বাঁশের মাচা

**গাজোল, ২ ডিসেম্বর :** ছোট নদী কিংবা খালবিলের উপরে নির্মিত বাঁশের সাঁকো ২০২৪-এসেও গ্রাম বাংলায় পরিচিত দৃশ্য। কিন্তু সালাইডাঙা গ্রাম পঞ্চায়েতের মহাদেবপুর বুথের জোড়পুকুর গ্রাম এক ধাপ এগিয়ে রাস্তার উপরেই বাঁশের মাচার অদ্ভুত দৃশ্য দেখিয়ে দিল সকলকে।

চলাচলের একমাত্র রাস্তার হাল এতটাই খারাপ যে, কাঁচা মাটির রাস্তার উপর বসাতে হয়েছে বাঁশের মাচা। আর তার উপর দিয়েই চলাচল করতে হয় প্রায় ৩০০ বাসিন্দাকে। রোগীদের হাসপাতালে নিয়ে যাওয়ার একমাত্র ভরসা খাটিয়া। মাঠ থেকে ফসল নিয়ে আসতে হয় মাথায় করে। এমনকি রাস্তার জন্য আটকে যাচ্ছে গ্রামের ছেলেমেয়েদের বিয়ে। যদিও খুব দ্রুত এই সমস্যা সমাধানের আশ্বাস দিয়েছেন বিডিও এবং পঞ্চায়েত সমিতির সভাপতি।



বেহাল রাস্তা পারাপারে ভরসা এই বাঁশের সাঁকো। - পঙ্কজ ঘোষ

গ্রামের বাসিন্দা রাহুল সরকারের ক্ষোভ, ‘রাস্তার অবস্থা খুবই খারাপ। স্বাধীনতার পর ৭ দশক কেটে গেলেও আমাদের গ্রামে রাস্তা হয়নি। আমাদের পাশের গ্রাম পঞ্চায়েত চাকনগরে প্রচুর রাস্তা হচ্ছে। কিন্তু সালাইডাঙা গ্রাম পঞ্চায়েতে হচ্ছে না। মুখ্যমন্ত্রী প্রচুর উন্নয়নমূলক কাজ করছেন। তাঁর কাছে আমাদের আবেদন আমাদের দিকে একটু নজর দিন। ঢালাই রাস্তার জন্য বিডিওর কাছে লিখিত আবেদন করেছি।’

আরেক বাসিন্দা ভজন বিশ্বাসের অভিযোগ, ‘ভোটের সময় সবাই প্রতিশ্রুতি দেয়, ভোট মিটলে রাস্তা হবে। ভোট আসে, ভোট যায় কিন্তু রাস্তার কাজ হয় না। রাস্তার অবস্থা এতটাই খারাপ যে বড় রাস্তায় উঠতে গেলে জামাকাপড় পালটাতে হয়। মহিলাদের অবস্থা হয় খুবই খারাপ। বাচ্চারা স্কুলে যেতে পারে না। সালাইডাঙা গ্রাম পঞ্চায়েত থেকে বাদ দিয়ে আমাদের গ্রামকে যুক্ত করা হোক চাকনগর গ্রাম পঞ্চায়েতের সঙ্গে।’

> “রাস্তার অবস্থা খুবই খারাপ। আমাদের পাশের গ্রাম পঞ্চায়েত চাকনগরে প্রচুর রাস্তা হচ্ছে। কিন্তু সালাইডাঙা গ্রাম পঞ্চায়েতে হচ্ছে না। মুখ্যমন্ত্রী প্রচুর উন্নয়নমূলক কাজ করছেন। তাঁর কাছে আমাদের আবেদন আমাদের দিকে একটু নজর দিন।
>
> **রাহুল সরকার, বাসিন্দা**

এমতাবস্থায় বিডিও সুদীপ্ত বিশ্বাসের আশ্বাস, ‘পথশ্রী প্রকল্পের মাধ্যমে গাজোলে প্রচুর রাস্তার কাজ হচ্ছে। নতুন করে আরও বেশ কিছু রাস্তার তালিকা আমরা পাঠিয়েছি। সম্ভবত ওই তালিকার মধ্যে এই রাস্তাটিও রয়েছে। দ্রুত যাতে ওই রাস্তার সমস্যার সমাধান করা যায় তার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করব।’

পঞ্চায়েত সমিতির সভাপতি মোজাম্মেল হোসেনের বক্তব্য, ‘গাজোলের বিধায়ক, সাংসদ বিজেপির। ওই গ্রাম পঞ্চায়েতটিও বিজেপির দখলে রয়েছে। কিন্তু উন্নয়নের দিকে তাঁদের কোনও নজর নেই। তাঁরা শুধু সদস্য সংগ্রহ করতে ব্যস্ত। উন্নয়নের জন্য তাঁদের এগিয়ে আসা দরকার।’

# যোগ শিবিরের উদ্বোধন

**কালিয়াগঞ্জ, ২ ডিসেম্বর :** মহিলা যোগ কেন্দ্রের উদ্বোধন হল কালিয়াগঞ্জে। যোগ ব্যায়ামের মধ্য দিয়ে শারীরিক ও মানসিক দিক থেকে সুস্থ থাকতে শুধুমাত্র মহিলাদের জন্য এই যোগ ব্যায়াম কেন্দ্রের সূচনা করা হয়। রবিবার রাতে প্রদীপ প্রজ্বলনের মধ্য দিয়ে ‘আরগ্যম’ যোগ শিবিরের সূচনা করেন কুনোর ভারত সেবাশ্রমের অধ্যক্ষ জ্যোতির্ময়ানন্দ মহারাজ।

# যাত্রায় সামাজিক অপরাধের প্রসঙ্গ

**পুরাতন মালদা, ২ ডিসেম্বর :** লোভ, লালসা, আকাঙ্ক্ষা, আকাঙ্ক্ষা চরিতার্থ করতে অপরাধমূলক কাজ করা, এসব যেন দৈনন্দিন সমাজের বড় ব্যাধি। নিজেদের লালসা চরিতার্থ করার জন্য একশ্রেণির মানুষ জড়িয়ে পড়ছে দুর্নীতিতে। মানুষের মধ্যে থাকা এই অশুভ শক্তি বিনাশের বার্তা উঠে এল যাত্রাপালায়।

রবিবার রাতে পুরাতন মালদার ৫ নম্বর ওয়ার্ড শর্বরী এলাকার মুক্তমঞ্চে একটি বাস্তববাদী সামাজিক যাত্রাপালা মঞ্চস্থ হল। স্থানীয় শিল্পীগোষ্ঠী ওই যাত্রাপালাটি মঞ্চস্থ করেছে। যাত্রাপালার মূল নামকরণ করা হয়েছে ‘সুন্দরীর ফাঁদে শয়তান কাঁদে’। প্রায় দেড় মাস ধরে চলা প্রস্তুতি পর্ব শেষে ওই যাত্রা অনুষ্ঠান মঞ্চস্থ হয়। যাত্রাপালা দেখতে ভিড় জমান শহরের বাসিন্দারা। উপস্থিত ছিলেন পুরাতন মালদার পুর চেয়ারম্যান কার্তিক ঘোষ, প্রাক্তন চেয়ারম্যান বিশ্বনাথ শুকুল, স্থানীয় ওয়ার্ড কাউন্সিলার বশিষ্ঠ ত্রিবেদী সহ নাট্যপ্রেমীরা। ওই যাত্রাপালায় কুসংস্কারের বিরুদ্ধে বার্তাও দেওয়া হয়েছে। যাত্রাশিল্পী সঞ্চিতা দাস বলেন, ‘আগামী ৭ ডিসেম্বর সরকারি উদ্যোগে উত্তরবঙ্গ উৎসব উপলক্ষ্যে গৌড়ীয় হাইস্কুলে যাত্রাপালা মঞ্চস্থ হবে। সেই উপলক্ষ্যে আমরা ওই যাত্রাটি মঞ্চস্থ করেছি। ব্যাপক সাড়া পেয়েছি। আমরা ওই যাত্রাপালা নিয়ে যথেষ্ট আশাবাদী।’



*সাঁঝবেলা... সোমবার বালুরঘাটের আত্রেয়ী নদীতে। মাজিদুর সরদারের ক্যামেরায়।*

### হাইকোর্ট মুখ ফেরালেও সুপ্রিম নির্দেশে রেহাই

## অবশেষে জামিন ১০৪ বছরের বৃদ্ধের

আজাদ

**মানিকচক, ২ ডিসেম্বর :** এমনটাও ঘটে। ১৯৮৮ সালে একটি খুনের মামলায় যাবজ্জীবন সাজা ঘোষণা হয়েছিল মানিকচক ব্লকের দক্ষিণ চণ্ডীপুর গ্রাম পঞ্চায়েতের পশ্চিম নারায়ণপুর কলোনির বাসিন্দা রসিকচন্দ্র মণ্ডলের। সেইসময় থেকে সংশোধনাগারে রয়েছেন তিনি। মধ্যে অবশ্য প্যারোলে ছাড়া পেয়ে কয়েক বছর বাড়িতে ছিলেন। কিন্তু প্যারোলের মেয়াদ শেষ হতেই পুলিশ তাঁকে ফের সংশোধনাগারে পাঠিয়েছে। যখন কারাগারে গিয়েছিলেন, তাঁর বয়স ছিল ৬৮ বছর। বর্তমানে তাঁর বয়স বেড়ে দাঁড়িয়েছে ১০৪ বছরে। যখন তাঁর বয়স ৯৯ বছর, তখন থেকেই বয়সের কারণে তাঁকে কারাগার থেকে বাইরে বের করার চেষ্টা চালিয়ে যাচ্ছেন পরিবারের লোকজন। সফল হননি। কলকাতা হাইকোর্টও তাঁর জামিনের আবেদন খারিজ করে দিয়েছে। শেষ পর্যন্ত তাঁর আবেদনে সাড়া দিয়েছে সুপ্রিম কোর্ট। গত ২৯ নভেম্বর সুপ্রিম কোর্টের প্রধান বিচারপতি সঞ্জীব খান্না ও বিচারপতি সঞ্জয় কুমারের ডিভিশন বেঞ্চ রসিকবাবুকে অন্তবর্তীকালীন জামিন/প্যারোলে মুক্তির নির্দেশ দিয়েছে।

ঘটনাটি কী ঘটেছিল? সেইসময় পৈতৃক সম্পত্তির ভাগদখল নিয়ে ছোট ভাই সুরেশ মণ্ডলের সঙ্গে বিবাদ চলছিল রসিকবাবুর। ১৯৮৮ সালের ৮ নভেম্বর রাতে সুরেশবাবুকে তাঁর বাড়িতেই গুলি করে কেউ বা কারা খুন করে। নিহত সুরেশবাবুর পরিবারের তরফে রসিকবাবু সহ বেশ কয়েকজনের বিরুদ্ধে স্থানীয় মানিকচক থানায় খুনের অভিযোগ দায়ের করা হয়। অভিযোগের ভিত্তিতে ভারতীয় দণ্ডবিধির ৩০২ ও ৩৪ নম্বর ধারায় মামলা রুজু করে তদন্তে নামে পুলিশ। গ্রেপ্তার করা হয় রসিক মণ্ডল, জিতেন মণ্ডল সহ কয়েকজনকে। শুরু হয় বিচার প্রক্রিয়া। রসিক মণ্ডল ও জিতেন মণ্ডলের যাবজ্জীবন কারাদণ্ডের সাজা ঘোষণা করা হয়। জেলবন্দি দশা শুরু হয় রসিকবাবুর। ভারতীয় আইন অনুযায়ী একটি নির্দিষ্ট বয়সের পরে বন্দিদের সংশোধনাগার থেকে মুক্তি দেওয়া হয়। তবে রসিকবাবুর ক্ষেত্রে এমনটা ঘটেনি। তাঁর জামিনের আবেদন বারবার খারিজ হয়ে গিয়েছে।

অবশেষে দেশের শীর্ষ আদালতের নির্দেশে খুশির হাওয়া ছড়িয়েছে রসিকবাবুর বাড়িতে। তাঁর বাড়িতে গিয়ে দেখা গেল, বৃদ্ধকে সংশোধনাগার থেকে ফিরিয়ে আনার ব্যস্ততা। বাড়িতে খোঁজখবর নিতে আসছেন এলাকার মানুষজনও। স্ত্রী মিনা মণ্ডলের বয়স ৯০ ছুঁইছুঁই। কানে শুনতে পান না। একাধিকবার প্রশ্ন করার পর জানালেন, 'খুব ভালো লাগছে। আমার স্বামী খুন করেনি। মিথ্যে মামলায় ওকে ফাঁসিয়ে দেওয়া হয়েছিল। এত বছর ওকে জেলে পুরে রাখল।' কথা বলতে বলতেই ঘর থেকে রসিকবাবুর একটি ছবি নিয়ে এসে কান্নায় ভেঙে পড়েন তিনি।

রসিকবাবুর চার ছেলে ও আট পৌত্র। ইতিমধ্যে বড় ছেলে মারা গিয়েছেন। মেজো ছেলে উত্তম জানালেন, 'একে তো মিথ্যে মামলায় বাবাকে ফাঁসানো হল, তার উপর আইন না মেনে এত বছর তাঁকে জেলে আটকে রাখা হল। অনেক আগেই বাবার মুক্তি পাওয়ার কথা। কিন্তু ইচ্ছাকৃতভাবে তাঁকে জেলে আটকে রাখা হয়েছে। শেষ পর্যন্ত বাবা বাড়ি ফিরছে। আমরা প্রচণ্ড খুশি। শেষ বয়সে বাবার সেবা করতে পারব, এটাই আমাদের কাছে বড় ব্যাপার।

**কী ঘটেছিল**

- ১৯৮৮ সালে পৈতৃক সম্পত্তির ভাগদখল নিয়ে ছোট ভাই সুরেশ মণ্ডলের সঙ্গে বিবাদ চলছিল রসিকচন্দ্র মণ্ডলের
- ওই বছর ৮ নভেম্বর রাতে সুরেশবাবু বাড়িতেই গুলিবিদ্ধ হন
- সুরেশবাবুর পরিবারের তরফে রসিকবাবু সহ বেশ কয়েকজনের বিরুদ্ধে স্থানীয় মানিকচক থানায় খুনের অভিযোগ দায়ের করা হয়
- অভিযোগের ভিত্তিতে গ্রেপ্তার হন রসিকচন্দ্র মণ্ডল, জিতেন মণ্ডল সহ কয়েকজন
- বিচারে রসিক মণ্ডল ও জিতেন মণ্ডলের যাবজ্জীবন কারাদণ্ডের সাজা হয়

## তিনদিন পর দেহ ফিরল পরিযায়ীর

এম আনওয়ারউল হক

**বৈষ্ণবনগর, ২ ডিসেম্বর :** অবশেষে তিনদিন পর ভিনরাজ্যে অসুস্থ হয়ে মৃত বৈষ্ণবনগরের শ্রমিক মোক্তার শেখের দেহ ফিরল নাগপুর থেকে। এদিন দেহ গ্রামে ফিরতেই কান্নার রোল পড়ে যায় কুম্ভীরা পঞ্চায়েতের শুকপাড়া হাজি মোড় এলাকায়। টাকার অভাবে তাঁর দেহ ফিরিয়ে আনা সম্ভব হচ্ছিল না বলে দাবি স্থানীয়দের। পরিবারের একমাত্র রোজগেরে সদস্যের মৃত্যুতে চিন্তার মেঘ গোটা পরিবারে।

পরিযায়ী শ্রমিক মোক্তার নাগপুরে ১৫-১৬ দিন আগে কাজ করতে গিয়েছিলেন। অসুস্থতার কারণে তাঁকে বুধবার সকালে নাগপুরের স্থানীয় একটি হাসপাতালে ভর্তি করা হয়। কিন্তু চিকিৎসকরা মৃত বলে ঘোষণা করেন। এরপর আর্থিক কারণে তাঁকে আনা যাচ্ছিল না।

**বৈষ্ণবনগর**

পরিযায়ী শ্রমিকের বাবা মতিউর রহমান জানান, 'অভাবের টানে মোক্তার বাড়ি ছেড়ে ভিনরাজ্যে শ্রমিকের কাজ করত। এর আগে ঝাড়খণ্ডে কাজ করে ভালো উপার্জন করেছে। এবার নাগপুরে কাজে গিয়েছিল। ছেলে এভাবে চলে যাবে ভাবতে পারছি না।'

বাড়িতে রয়েছে স্ত্রী জুলি বিবি ও ছয় বছরের এক মেয়ে ও চার বছরের এক ছেলে। স্থানীয় গ্রামবাসী আলিম শেখ জানিয়েছেন, 'দুঃস্থ পরিবারের ছেলে ছিল। পরিবারে সচ্ছলতা আনতে ভিনরাজ্যে পাড়ি দিয়েছিল। পরিবারের একমাত্র রোজগেরের সদস্যের এইভাবে চলে যাওয়া মেনে নেওয়া যায় না। প্রশাসনের সাহায্য করা উচিত।'

সরব হয়েছেন বাম নেতা রেজাউল করিমও। তাঁর দাবি, 'বিজেপি'র রাজত্বে দুঃস্থ মানুষ বিনা চিকিৎসায় মরছে। পাশাপাশি তিন বছর ধরে একশোদিনের কাজ বন্ধ রয়েছে রাজ্যে। পঞ্চায়েতে কেবল লুট চলছে। অবিলম্বে ওই পরিযায়ী শ্রমিকের পরিবারকে রাজ্য সরকারের ৫ লক্ষ টাকা ক্ষতিপূরণ দেওয়া উচিত।'

### মদের আসরে বন্ধুর স্ত্রীকে কটূক্তির জের

## বালুরঘাটে বাড়িতেই আক্রান্ত সস্ত্রীক তরুণ

সুবীর মহন্ত

**বালুরঘাট, ২ ডিসেম্বর :** মদের আসরে এক বন্ধুর স্ত্রীকে নিয়ে কটূক্তি করায় অন্যান্য বন্ধুরা বাড়ি ঢুকে বেধড়ক পেটাল এক তরুণকে। বাঁশ, লাঠি, রড দিয়ে ওই তরুণকে মারা হয়েছে। তাঁর মাথায় পাঁচটি সেলাই পড়েছে। মুখ পর্যন্ত বেঁকে গিয়েছে বলে অভিযোগ। সারা শরীরে গুরুতর আঘাত নিয়ে তাঁকে বালুরঘাট হাসপাতালে নিয়ে যাওয়া হয়। তবে সোমবার হাসপাতাল থেকে ছুটি পেয়ে ওই তরুণ ফের বন্ধুদের ক্ষোভের মুখে পড়েন। তিনি বাড়িতে ঢুকতে পারছেন না বলে এদিন সরাসরি বালুরঘাট থানায় এসে পুলিশি নিরাপত্তা চান। স্ত্রীকে সঙ্গে নিয়েই শ্যাম হাঁসদা নামে ওই তরুণ এদিন বালুরঘাট থানায় তিন প্রতিবেশী তথা বন্ধুর নামে লিখিত অভিযোগ দায়ের করেন। অভিযোগ পেয়ে ঘটনার তদন্ত শুরু করেছে বালুরঘাট থানার পুলিশ। এই ঘটনার জেরে বালুরঘাট ব্লকের খিদিরপুর খড়াইল এলাকায় উত্তেজনা ছড়িয়েছে।

পুলিশকর্মীদের একাংশ জানিয়েছেন, ৩০ নভেম্বর এলাকার কয়েকজন তরুণ একটি আসরে একসঙ্গে মদ খাচ্ছিলেন। ওই সময় শ্যাম হাঁসদার স্ত্রীকে বাকি বন্ধুরা কটাক্ষ করে। এনিয়ে বন্ধুদের সঙ্গে প্রবল বচসায় জড়িয়ে পড়েন শ্যাম। ওই আসরেই বিষয়টি মিটে গিয়েছে ধরে নিয়ে শ্যাম বাড়ি ফিরে ঘুমিয়ে পড়েন। তাঁর অভিযোগ, প্রতিবেশী তিন তরুণ লাঠিসোঁটা নিয়ে তাঁর বাড়িতে ঢুকে পড়ে। তাঁর উপর আচমকা হামলা চালায়। তাঁর স্ত্রী বরকি টুডু স্বামীকে বাঁচাতে গেলে মার খেতে হয় তাঁকেও। মারধরের জেরে শ্যামের মাথা সহ সারা শরীরে গুরুতর আঘাত লাগে। তাঁর স্ত্রী তৎক্ষণাৎ তাঁকে বালুরঘাট হাসপাতালে নিয়ে যায়। দু'দিন চিকিৎসার পর এদিন সুস্থ হয়ে বাড়ি ঢুকতে গেলে ফের প্রতিবেশীদের বাধা ও হুমকির মুখে পড়তে হয় তাঁকে। বাধ্য হয়ে স্ত্রীকে সঙ্গে নিয়েই বালুরঘাট থানার দ্বারস্থ হয়েছেন ওই তরুণ।

> মদের আসরে গোলমাল। কিন্তু তার জেরে বাড়িতে ঢুকে আমার স্বামীকে যেভাবে ওরা মেরেছে, আমি তার বিচার চাই।
>
> **বরকি টুডু,** আক্রান্ত তরুণের স্ত্রী

শ্যাম বলেন, 'চরম নিরাপত্তাহীনতায় ভুগছি। আমাকে বাড়িতে ঢুকতে দিচ্ছে না ওরা।' শ্যামের স্ত্রী বরকি টুডু জানান, 'মদের আসরে গোলমাল। কিন্তু তার জেরে বাড়িতে ঢুকে আমার স্বামীকে যেভাবে ওরা মেরেছে, আমি তার বিচার চাই।' অভিযোগ পেয়ে বালুরঘাট থানার পুলিশ ঘটনার তদন্ত শুরু করেছে।

## ৪০০ জাল নোট আটক, ধৃত ভিনরাজ্যের পাচারকারী

**কালিয়াচক, ২ ডিসেম্বর :** গোপন সূত্রে খবর পেয়ে সোমবার ভোর রাতে এসটিএফ ও কালিয়াচক থানার পুলিশ যৌথ অভিযান চালায় কালিয়াচকের বালিয়াডাঙ্গা এলাকায়। সেখান থেকে বিপুল অঙ্কের জাল নোট সহ ভিনরাজ্যের এক পাচারকারীকে পাকড়াও করে এসটিএফ। ধৃত তরুণের নাম আকাশ স্বরূপ (২৫)। বাবার নাম রাম স্বরূপ। বাড়ি দিল্লির নারেলা ইন্ডাস্ট্রিয়ালের বাউয়ান এলাকায়। পাঁচশো টাকার জাল নোটগুলি সংগ্রহ করে ফিরে যাওয়ার সময় পুলিশের জালে ধরা পড়ে আকাশ। ধৃতের কাছ থেকে দুই লক্ষ টাকার জাল নোট উদ্ধার করা হয়েছে। তারপরেই এসটিএফ তাঁকে গ্রেপ্তার করে কালিয়াচক থানায় নিয়ে যায়। এদিন ১৪ দিনের পুলিশি হেপাজত চেয়ে ধৃতকে মালদা জেলা আদালতে পেশ করা হয়।

এসটিএফ সূত্র মারফত কালিয়াচক থানার পুলিশ জানতে পারে ভারত-বাংলাদেশ সীমান্ত এলাকা থেকে এক জাল নোট কারবারির কাছ থেকে জাল নোট সংগ্রহ করে দিল্লির উদ্দেশে পাড়ি দিচ্ছে ভিনরাজ্যের এক পাচারকারী। খবর পেয়ে কালিয়াচক থানার পুলিশকে সঙ্গে নিয়ে যৌথ অভিযান চালায় এসটিএফ। দিল্লির বাসিন্দা ওই তরুণ বালিয়াডাঙ্গা এলাকায় আসতেই তাঁকে ঘিরে ফেলা হয়। তাঁর কাছ থেকে একটি ব্যাগ উদ্ধার হয়। সেই ব্যাগে তল্লাশি চালিয়ে ৪০০টি ৫০০ টাকার জাল নোট উদ্ধার হয়।



*জাল নোট ও পাচারকারী। - সংবাদচিত্র*

এসটিএফ সূত্রে খবর, জাল নোটগুলি অত্যন্ত মসৃণ এবং অত্যাধুনিক মানের। যা সাধারণ মানুষের পক্ষে চেনা মুশকিল।

কালিয়াচকের এসডিপিও ফয়সাল রাজা বলেন, 'পুলিশ ও এসটিএফ-এর যৌথ অভিযানে জাল নোট সহ ভিনরাজ্যের এক পাচারকারীকে গ্রেপ্তার করা হয়েছে। ধৃতকে আদালতে পেশ করা হয়েছে।'

## ঠাকুরঘরের প্রদীপ থেকে অগ্নিকাণ্ড

**রায়গঞ্জ, ২ ডিসেম্বর :** ঠাকুরঘরের প্রদীপের আগুনে পুড়ে ছাই হল বাড়ির প্রয়োজনীয় সরঞ্জাম। পুড়ল জমানো অর্থও। যদিও অল্পের জন্য প্রাণে বাঁচেন বাড়ির বৃদ্ধা। সোমবার দুপুরে ঘটনাটি ঘটেছে রায়গঞ্জের বন্দর কাঞ্চনপল্লি এলাকায়।

বাড়ির সদস্য গোপাল সাহা বলেন, 'আজ দুপুর সাড়ে ১২টা নাগাদ আমাদের ঠাকুরঘরে প্রথম আগুন লাগে। সেই আগুন আশেপাশের ঘরগুলিতে ছড়িয়ে যায়। যদিও বৃদ্ধা মাকে ঘর থেকে কোনওরকমে বের করা হয়। তাঁর কোনও ক্ষতি হয়নি। তবে তাঁদের জমানো টাকা সহ বেশ কিছু জিনিস পুড়ে গিয়েছে। প্রদীপের আগুন থেকেই এই আগুন লেগেছে।'

এদিকে, আগুন লাগার খবর চাউর হতেই বাসিন্দারা ছুটে আসেন। আসেন দমকলকর্মীরাও। সকলের চেষ্টায় আগুন নিয়ন্ত্রণে আসে। স্থানীয় বাসিন্দাদের কথায়, বড়সড়ো বিপদের হাত থেকে রক্ষা পাওয়া গেল। এক দমকল আধিকারিক জানান, 'কি কারণে আগুন লাগল তা এখনই বলা সম্ভব নয়। তবে আগুন নিয়ন্ত্রণে নিয়ে আসা গিয়েছে।'

## ঋণদান শিবির

**বুনিয়াদপুর, ২ ডিসেম্বর :** সোমবার সমষ্টি উন্নয়ন করণকর্তার টাঙন সভাঘরে শুরু হল পশ্চিমবঙ্গ ভবিষ্যৎ ক্রেডিট কার্ড প্রকল্পের মাধ্যমে ঋণদান শিবির। বংশীহারী পঞ্চায়েত এলাকার ক্ষুদ্র এবং মাঝারি ব্যবসায়ী এবং বেকার তরুণ-তরুণীরা নিজেদের আর্থিকভাবে সক্ষম করে তুলতে সর্বাধিক ৫ লক্ষ টাকা পর্যন্ত তারা ঋণ নিতে পারবে। বয়স হতে হবে ৫ থেকে ৫৫ বছর। এর জন্য সুদ দিতে হবে চার শতাংশ। এর সঙ্গে সরকার দেবে ভরতুকি। এই সহায়তা কেন্দ্রে প্রথমে পোর্টালে নাম নথিভুক্ত করার পর প্রয়োজনীয় ফর্ম পূরণ করতে হবে। দুপুর সাড়ে ১২ পর্যন্ত ঋণ নিতে ইচ্ছুক কোনও ব্যক্তির উপস্থিতি চোখে পড়েনি। বিডিও বংশীহারী সুব্রত বল বলেন, গ্রামগঞ্জে এখন আমন ধান কাটা এবং মাড়াইয়ের কাজ চলায় অনেকেই সহায়তা কেন্দ্রে উপস্থিত হতে পারেননি। তবে, বেলার দিকে তারা আসতে শুরু করবে।



*দুর্গন্ধযুক্ত পচা জল পেরিয়ে নিত্য চলাচল। সোমবার কালিয়াচকে। - সেনাউল হক*

## ছয় মাস ধরে রাস্তায় জমে নর্দমার জল

**কালিয়াচক, ২ ডিসেম্বর :** বর্ষাকাল শেষ। নতুন করে হয়নি বৃষ্টিও। কিন্তু রাস্তায় জমা জল দেখলে মনে হবে মুষলধারে বৃষ্টি হয়েছে। দীর্ঘ ৬ মাসের বেশি সময় ধরে নোংরা, দুর্গন্ধময় সেই পচা জলের উপর দিয়েই নিত্যদিন চলাচল করতে হচ্ছে সকলকে। কালিয়াচকের সুজাপুর পঞ্চায়েতের সুজাপুর স্কুলপাড়ার একমাত্র রাস্তা দীর্ঘদিন ধরেই জলমগ্ন। ফলে ক্ষোভে ফুঁসছেন এলাকার বাসিন্দারা।

ওই রাস্তার ধারেই তিন-চার ফুট উঁচু করে একটি ড্রেন করা হয়। আর অপর পাশে রয়েছে পুকুর। ড্রেনের উচ্চতা রাস্তার থেকে উঁচু হওয়ায় জল যাওয়া তো দূরের কথা উলটে ড্রেনের জল নামছে রাস্তায়। রাস্তাটি নীচু হওয়ার ফলে পাশের পুকুরের জলও উঠে আসছে রাস্তায়। এক কথায় সব মিলিয়ে বিচ্ছিরি অবস্থা এই স্কুলপাড়া রাস্তার। স্কুলের ছাত্রছাত্রী থেকে শুরু করে মসিমপুর, বামন গ্রাম, বড়নগর ডাঙা ও স্কুলপাড়ার প্রচুর মানুষের ওই রাস্তা দিয়ে যাতায়াত। নিত্যদিনের চলাচলের ওই রাস্তা জলমগ্ন থাকায় নাজেহাল হতে হচ্ছে এলাকাবাসীকে।

এলাকার মানুষের অভিযোগ, স্কুলপাড়া ওয়ার্ডেই রয়েছে সুজাপুর প্রধানের বাড়ি। প্রধান মেম্বার থেকে নেতা-নেত্রীরা অনেকেই ওই রাস্তা সম্পর্কে ওয়াকিবহাল। কিন্তু কেউ ওই রাস্তার সংস্কারের জন্য এগিয়ে আসছে না। ফলে ভোগান্তি হচ্ছে ছোটখাটো যানবহন চলাচলেও।'

মুসলেউদ্দিন নামে আর এক গ্রামবাসী জানান, 'কিন্তু ছয় মাস ধরে জলে ডুবে আছে রাস্তা। কেউ কিছু করছে না। নোংরা জল ভেঙে যাতায়াত করতে হচ্ছে ফলে ভীষণ অসুবিধা হচ্ছে।' সুজাপুর পঞ্চায়েতের প্রধান আজিজা খাতুনের স্বামী কাসিমুদ্দিন শেখ বলেন, 'রাস্তাটি উঁচু করতে হবে। নাহলে জল বের হবে না। মাটি ভরাটের কাজ করতে হবে। গ্রাম পঞ্চায়েত থেকে এই মুহূর্তে এত বড় কাজ করা যাবে না। তাছাড়া রাস্তার ধারে উঁচু করে ড্রেন করা হয়েছে। ওই ড্রেন কোনও কাজে আসছে না। আমি পঞ্চায়েত সমিতি ও বিডিওকে বিষয়টি জানাব।'

## বিজ্ঞান অভীক্ষায় সফল অনেকে

**রায়গঞ্জ ও কুশমণ্ডি, ২ ডিসেম্বর :** রায়গঞ্জ স্টুডেন্ট হেলথ হোমের সামনে পালিত হল পশ্চিমবঙ্গ বিজ্ঞানমঞ্চের ৩৯ তম প্রতিষ্ঠা দিবস। প্রতিষ্ঠা দিবস উপলক্ষ্যে এদিন সকালে পতাকা উত্তোলিত হয়। উপস্থিত ছিলেন জেলা কার্যকরী সভাপতি অনিরুদ্ধ সিনহা, সূর্যনারায়ণ চক্রবর্তী, কাঞ্চিরাম রায় এবং রায়গঞ্জ কেন্দ্রের সভাপতি সৌমিত্র মজুমদার।

এদিন বিকেলে সদ্য সমাপ্ত জেলা বিজ্ঞান অভীক্ষার ফলাফল প্রকাশ হয়। ফলপ্রকাশ করে ডঃ কৌশিক দত্ত বলেন, 'এবারের অভীক্ষায় বাংলা ও ইংরেজিমাধ্যম মিলিয়ে পরীক্ষার্থী ছিল ১২৪৮৬ জন। মোট ভেনু ছিল ৩৮। এদের মধ্যে পঞ্চম শ্রেণিতে প্রথম হয়েছে রায়গঞ্জ গার্লস হাইস্কুলের বর্ণালি রায়, ষষ্ঠ শ্রেণিতে প্রথম হয়েছে কালিয়াগঞ্জ সরলাসুন্দরী হাইস্কুলের অংশুময় ঘোষ, সপ্তম শ্রেণিতে প্রথম হয়েছে রায়গঞ্জ করোনেশন হাইস্কুলের অর্ণব ঘোষ, অষ্টম শ্রেণিতে প্রথম হয়েছে কালিয়াগঞ্জ সরলাসুন্দরী হাইস্কুলের অরণ্ময় ঘোষ, নবম শ্রেণিতে প্রথম হয়েছে রায়গঞ্জ করোনেশন হাইস্কুলের আর্যদীপ রায় এবং দশম শ্রেণিতে প্রথম হয়েছে রায়গঞ্জ করোনেশন হাইস্কুলের আদৃত সরকার। আগামীদিনে এদের হাতে পুরস্কার তুলে দেওয়া হবে।'

পতাকা উত্তোলনের মধ্য দিয়ে পশ্চিমবঙ্গ বিজ্ঞানমঞ্চের ৩৯তম প্রতিষ্ঠা দিবস পালিত হল কুশমণ্ডিতে। পতাকা উত্তোলন করেন পশ্চিমবঙ্গ বিজ্ঞানমঞ্চের কুশমণ্ডি শাখার সভাপতি সুরেশ দাস। অতীতের বিজ্ঞানমঞ্চের কাজ এবং ভবিষ্যৎ পরিকল্পনা নিয়ে বক্তব্য রাখেন সম্পাদক আশিস দাস।

**জেলার খেলা**

## তৃতীয় পশ্চিমবঙ্গ



*জয়ের পর ট্রফি নিয়ে উচ্ছ্বাস ওড়িশা পুরুষ দলের। - বাবাই দাস*

**তুফানগঞ্জ, ২ ডিসেম্বর :** কোচবিহার জেলা সফট বল অ্যাসোসিয়েশন ও তুফানগঞ্জ মহাবিদ্যালয়ের যৌথ উদ্যোগে ১৪তম পূর্বাঞ্চল সিনিয়ার চ্যাম্পিয়নশিপে পুরুষ ও মহিলা বিভাগে তৃতীয় হয় পশ্চিমবঙ্গ। তৃতীয় স্থান অধিকারী বাংলার পুরুষ দলে মালদার চারজন ও মহিলা দলে মালদার দুইজন ছিলেন। উভয় বিভাগে চ্যাম্পিয়ন হয়েছে ওড়িশা। রানার্স মণিপুর। ওড়িশা পুরুষদের ফাইনালে ১৬-২ পয়েন্টে মণিপুরকে হারিয়েছে। মহিলাদের ফাইনালে মণিপুরের বিরুদ্ধে ১৪-৩ পয়েন্টে জয় আসে ওড়িশার।

## রাজ্যসেরা মামুদা

**পতিরাম, ২ ডিসেম্বর :** হাওড়ার শিবপুরে রবিবার অনুষ্ঠিত ওয়েস্ট বেঙ্গল স্টেট উইমেন ওপেন ক্লাসিক পিআই পাওয়ার লিফটিংয়ে রাজ্যসেরা হলেন কুমারগঞ্জ ব্লকের ডাঙ্গারহাটের পার্শ্ববর্তী কালনা রাজধারার মামুদা খাতুন। তিনি মহিলাদের ৬৮ কেজি বিভাগে নেমেছিলেন। রাজ্যসেরা হওয়ার সঙ্গে মামুদা সেরা লিফটারেরও পুরস্কার পেয়েছেন। আগামীতে মামুদা জাতীয় স্তরের প্রতিযোগিতায় অংশ নেবেন।



*ট্রফি ও পদক নিয়ে মামুদা খাতুন।*

## ট্র্যাক্টরের নীচে চাপা পড়ে মৃত্যু

**পতিরাম, ২ ডিসেম্বর :** কুমারগঞ্জ থানার কৃষ্ণগর এলাকায় রবিবার রাতে এক মর্মান্তিক দুর্ঘটনায় মৃত্যু হল বছর সাঁইত্রিশের সুশীল পাল (আকু) নামে এক ট্র্যাক্টরচালকের। গোপালবাটীর সেওয়াই এলাকার বাসিন্দা সুশীল অন্যের ট্র্যাক্টর চালাতেন বলে জানা গিয়েছে। রাত প্রায় ৯টা নাগাদ ট্র্যাক্টরটি পুকুরে পড়ে যায়। তবে ঘটনার কথা কেউ টের পায়নি। সোমবার সকালে পুকুরে উলটে পড়ে থাকা ট্র্যাক্টরটি দেখে গ্রামবাসীদের সন্দেহ হয়। তৎক্ষণাৎ পুলিশে খবর দিলে পুলিশ এসে ট্র্যাক্টরটি এবং সুশীল পালের দেহটি উদ্ধার করে। দেহটি ময়নাতদন্তের জন্য হাসপাতালে পাঠানো হয়েছে।

কর্মঠ মানুষ হিসেবে পরিচিত সুশীল পালের অকাল মৃত্যুতে এলাকায় শোকের ছায়া নেমে আসে। গ্রামবাসীদের অনুমান, রাতে কাজ শেষে বাড়ি ফেরার পথে অসাবধানতাবশত ট্র্যাক্টরটি পুকুরে পড়ে যায়। যার ফলে সুশীল পাল ঘটনাস্থলেই মারা যান।

## চুরির চেষ্টায় গ্রেপ্তার দুই

**হেমতাবাদ, ২ ডিসেম্বর :** হেমতাবাদের সমসপুর রামনাথপাড়া এলাকায় এক ব্যক্তির বাড়িতে চুরির চেষ্টার অভিযোগে দুইজনকে গ্রেপ্তার করল হেমতাবাদ থানার পুলিশ। ধৃতদের নাম শামসুল হক (২৩) ও সনাতন বর্মন (২৩)। ধৃতরা দুজনেই কালিয়াগঞ্জ ব্লকের মহাদেবপুর গ্রামের বাসিন্দা। রবিবার রাতে হেমতাবাদ ব্লকের রামনাথপাড়া এলাকায় এক ব্যক্তির বাড়িতে চুরির সময় স্থানীয় বাসিন্দারা অভিযুক্তদের মারধর দিয়ে পুলিশের হাতে তুলে দেয়। সোমবার ধৃতদের রায়গঞ্জ মুখ্য বিচার বিভাগীয় ম্যাজিস্ট্রেট আদালতে পেশ করা হলে বিচারক শর্তসাপেক্ষে জামিন দেন।

## কার্যালয় উদ্বোধন

**হরিশ্চন্দ্রপুর, ২ ডিসেম্বর :** হরিশ্চন্দ্রপুরে বাংলা পক্ষের কার্যালয় উদ্বোধন হল। ইসলামপুর পঞ্চায়েতের চাঁদপুর গ্রামে বাংলা পক্ষের এই নতুন কার্যালয় উদ্বোধন করা হয়। সোমবার ফিতা কেটে কার্যালয়ের উদ্বোধন করেন মেদিনীপুর জেলার বাংলা পক্ষের সদস্য তথা পূর্ত দপ্তরের ইঞ্জিনিয়ার সৌভিক পট্টনায়ক।

## লাভের আশায় ভিনরাজ্যে যাচ্ছে গঙ্গারামপুরের টব



*ট্রাকে ফুলের টব তোলা হচ্ছে। সোমবার গঙ্গারামপুরে। - সংবাদচিত্র*

বিপ্লব হালদার

**গঙ্গারামপুর, ২ ডিসেম্বর :** শীত শুরু হতেই ভিনরাজ্যে পাড়ি দিতে শুরু করেছে মাটির তৈরি ফুলের টব। এতে মুখে হাসি ফুটেছে গঙ্গারামপুরের মৃৎশিল্পীদের। জেলার ক্ষুদ্র ও কুটিরশিল্পের মধ্যে অন্যতম মাটির তৈরি জিনিসপত্র। এই মৃৎশিল্প পেশার সঙ্গে গঙ্গারামপুর শহরের বেলবাড়ি, পালপাড়া, মিশনমোড়, বোড়ডাঙ্গি ও তার পার্শ্ববর্তী এলাকার প্রায় কয়েক হাজার মানুষ যুক্ত।

> দীর্ঘদিন ধরে বাপঠাকুরদার পেশায় যুক্ত রয়েছি। শীতে অনেকে বিভিন্ন ফল ও ফুলের বাগান করেন। সেজন্য টব কিনে নিয়ে যাচ্ছেন। পাশাপাশি প্রতিদিন ফুলের টব ভিনরাজ্যে পাড়ি দেওয়ায় একটু লাভ দেখতে পাচ্ছি।
>
> **সনজিৎ পাল, শিল্পী**

একটা সময় তাঁরা মাটির হাঁড়ি, থালা, গ্লাস সহ বিভিন্ন পাত্র ও বিভিন্ন দেবদেবীর প্রতিমা তৈরি করে সংসার চালাতেন। প্লাস্টিকজাত সামগ্রী বাজার ছেয়ে ফেলায় কমেছে মাটির পাত্রের চাহিদা। এমতাবস্থায় শীতের আমেজ শুরু হতেই গঙ্গারামপুরে মৃৎশিল্পীদের তৈরি ফুলের টব পাড়ি দিচ্ছে উত্তরপ্রদেশ, মধ্যপ্রদেশ, মহারাষ্ট্র, হরিয়ানা, ওড়িশা সহ বিভিন্ন রাজ্যে।

নাওয়া- খাওয়া ভুলে এখন টব বানাতে ব্যস্ত পালপাড়ার বাসিন্দারা। ছোট, মাঝারি ও বড় একটা টব তৈরি করে মিলছে ৩০ থেকে ৫০ টাকা।

শিল্পী সনজিৎ পাল বলেন, 'দীর্ঘদিন ধরে বাপঠাকুরদার পেশায় যুক্ত রয়েছি। আমাদের মূল কাজ হচ্ছে মাটির তৈরি ফুলের টব তৈরি করা। এখন আর মাটির বাসন কেউ কিনতে চায় না। কিন্তু শীত শুরু হতেই অনেকে ছাদ বাগানে বিভিন্ন ফল ও ফুলের বাগান তৈরি করতে শুরু করেছেন। সেজন্য অনেকে টব কিনে নিয়ে যাচ্ছেন। সেই সঙ্গে ফুলের টব প্রতিদিন গাড়ি করে ভিনরাজ্যে পাড়ি দেওয়ায় একটু লাভের মুখ দেখতে পাচ্ছি।'

### ছোট তারা ★



কালিয়াগঞ্জের অর্কদীপ দাস (১০) তবলায় জেলা ও স্থানীয়স্তরে বেশ সুখ্যাতি অর্জন করেছে। আগামীতে তবলা বাদক হিসেবে জীবনে প্রতিষ্ঠিত হতে চায় সে।

### জরুরি তথ্য

**ব্লাড ব্যাংক**

(সোমবার সন্ধ্যা ৭টা পর্যন্ত)

| | |
|---|---|
| **মালদা মেডিকেল কলেজ** | |
| এ পজিটিভ | ১৬ |
| এ নেগেটিভ | ০ |
| বি পজিটিভ | ১৫ |
| বি নেগেটিভ | ১ |
| এবি পজিটিভ | ৯ |
| এবি নেগেটিভ | ০ |
| ও পজিটিভ | ২৪ |
| ও নেগেটিভ | ০ |
| (এই সংখ্যা লোহিত রক্ত কণিকার) | |
| **রায়গঞ্জ মেডিকেল** | |
| এ পজিটিভ | ০ |
| এ নেগেটিভ | ০ |
| বি পজিটিভ | ০ |
| বি নেগেটিভ | ০ |
| এবি পজিটিভ | ০ |
| এবি নেগেটিভ | ০ |
| ও পজিটিভ | ০ |
| ও নেগেটিভ | ০ |
| **বালুরঘাট হাসপাতাল** | |
| এ পজিটিভ | ৪ |
| এ নেগেটিভ | ০ |
| বি পজিটিভ | ২ |
| বি নেগেটিভ | ০ |
| এবি পজিটিভ | ০ |
| এবি নেগেটিভ | ১ |
| ও পজিটিভ | ৩ |
| ও নেগেটিভ | ২ |

**মালদা, পুরাতন মালদা, রায়গঞ্জ, বালুরঘাট, বুনিয়াদপুর, গঙ্গারামপুর ও কালিয়াগঞ্জ শহরের সাহিত্য, সংস্কৃতি, খেলাধুলো ও সামাজিক কর্মকাণ্ডের আগাম খবর আমাদের জানান ৯৬১৪৭৪২৫৯২ হোয়াটসঅ্যাপ নম্বরে।**

## নতুন এডিএম

**মালদা, ২ ডিসেম্বর :** জেলায় চারজন অতিরিক্ত জেলা শাসকের পদ রয়েছে। এর আগে অতিরিক্ত জেলা শাসক (জেলা পরিষদ) ছিলেন জামিল ফাতিমা জেবা। তিনি চলে যাওয়ার পর দীর্ঘদিন অতিরিক্ত জেলা শাসক (জেলা পরিষদ) হিসেবে বাড়তি দায়িত্বে ছিলেন অতিরিক্ত জেলা শাসক (উন্নয়ন) অনিন্দ্য সরকার। সোমবার মালদায় নয়া অতিরিক্ত জেলা শাসক হিসেবে যোগদান করলেন শেখ আনসার আহমেদ। জেলা প্রশাসন সূত্রে জানা গিয়েছে, তিনি এদিন জেলা সমাহর্তার অফিসে যোগদান করেছেন। জেলা শাসক এক নির্দেশিকা জারি করে তাঁকে জেলা পরিষদের অতিরিক্ত জেলা শাসক হিসেবে দায়িত্ব দেবেন।

## সার্ভে শুরু

**বুনিয়াদপুর, ২ ডিসেম্বর :** বুনিয়াদপুর পুর এলাকায় মাইক্রো প্ল্যান তৈরির জন্য শুরু হল সার্ভে। সোমবার থেকে কাজ শুরু হয়েছে। চলবে ৯ ডিসেম্বর পর্যন্ত। পুরসভার নোডাল অফিসার অশোককুমার ঠাকুর জানিয়েছেন, 'ভেক্টর বন্ড ডিজিস কর্মীরা পাড়ায় গিয়ে সার্ভে করছেন। ১৪টি ওয়ার্ডে ২৮ জন কর্মী কাজ করতে শুরু করেছেন। শহরের যেসব জায়গায় ড্রেন বন্ধ হয়েছে ও আবর্জনা জমে আছে তা পর্যবেক্ষণ করা হবে। পরবর্তীতে মাইক্রো প্ল্যান-এর মাধ্যমে দ্রুত সেই কাজগুলি সম্পন্ন হবে।

## খুলল তোরণ

**বুনিয়াদপুর, ২ ডিসেম্বর :** অবশেষে সোমবার থেকে খোলা হচ্ছে বুনিয়াদপুর ৫১২ নং জাতীয় সড়কের ফুটপাথ দখল করে থাকা বাঁশের তোরণ। কালীপুজোর সময় থেকে এই রাস্তায় বেশ কয়েকটি এলইডি লাইটের বড় তোরণ বসেছিল। পুজো শেষ হলেও খোলা হয়নি তোরণের বাঁশের কাঠামো। দীর্ঘদিন ধরে যাতায়াতের সমস্যায় সাধারণ মানুষেরা। উত্তরবঙ্গ সংবাদে সেই খবর প্রকাশিত হতেই সোমবার সকাল থেকে তোরণগুলি খোলার কাজ শুরু হয়।



*সাইকেলের চাকা যখন চরকা। মালদায় খাদিমেলায়। সোমবার ছবিটি তুলেছেন স্বরূপ সাহা।*

### যানজটে ভোগান্তি ফুলবাড়ি থেকে মনস্কামনা মন্দিরের পথে

# ১৬ দিন পরেও ওঠেনি মেলা

**জসিমুদ্দিন আহম্মদ**

**মালদা, ২ ডিসেম্বর :** 'শেষ হয়েও হয় না শেষ'। কার্তিকপুজোর ১৬ দিন পরেও মালদা শহরের গুরুত্বপূর্ণ মনস্কামনা রোডজুড়ে সাহাবাড়ির পুজো উপলক্ষ্যে মেলা সমহিমায় বিরাজমান। রাস্তার দুই ধার জুড়ে দেদারে চলছে বিভিন্ন মিষ্টি, হরেকমাল, ভ্যাটের খই, লোহা ও পাথরের সামগ্রীর কেনাকাটা। এমনকি নিরঞ্জন হওয়া সপ্তাহের বেশি হতে চলেছে। তবুও শেষ হয়নি মেলার ভিড়।

এমতাবস্থায় অলিখিত এই মেলার ফলে তৈরি হচ্ছে তীব্র যানজট। একদিকে মেলায় আসা জনতার ভিড়, অন্যদিকে নিত্যযাত্রীদের গাড়ি এবং অন্য যানবাহন চলাচলের ফলে যানজটে নাভিশ্বাস উঠছে মনস্কামনা রোডজুড়ে। চরম ভোগান্তিতে সাধারণ মানুষ।

কমবেশি প্রতিটি পার্বণকে ঘিরে বাংলায় মেলার আয়োজন হয়েই থাকে। মালদা শহর তার ব্যতিক্রম নয়। বিশেষত দুটি মেলার সুখ্যাতি রয়েছে। কার্তিকপুজো ও রথযাত্রার মেলা।

মনমোহন সাহার পরিবারের কার্তিকপুজোর মেলা খাতায়কলমে ৩ দিন ধরে থাকলেও, আগাগোড়াই এই মেলা চলে এক সপ্তাহ ধরে। তবে বেশ কয়েকবছর ধরে মেলার সময়সীমায় আর নিয়ন্ত্রণ নেই কারোর। পসারিরা তাঁদের দোকানপাট খুলে রাখছেন দীর্ঘসময় ধরে। চলতি বছরে কার্তিকপুজোর মেলার পরিসমাপ্তি ঘটেছে নভেম্বরের ২৩ তারিখে। পুজোর আনুষ্ঠানিক পরিসমাপ্তি ঘটলেও ১৬ দিন পরেও আজও বিকেল থেকে মনস্কামনা রোডে দেখা মিলবে ভ্যাটের খই, গুড়কাঠি ও আরও নানা সামগ্রীর দোকানের। মেলায় কেনাকাটা করতে আসা মানুষের সংখ্যা সামান্য কমলেও ভিড় থাকছে রাত ৯টা পর্যন্ত। ফলে সৃষ্টি হচ্ছে যানজট। যার রেশ ছড়িয়ে পড়ছে বিএস রোড, এনএস রোড ও মনস্কামনা রোডে।

তবে মেলার দীর্ঘস্থায়িত্ব নিয়ে মিশ্র প্রতিক্রিয়া দেখা গিয়েছে শহরবাসীর মধ্যে। শঙ্কু সাহা নামে এক ব্যক্তির বক্তব্য, '৭ দিন পর্যন্ত মেলা মেনে নেওয়া যায়, কিন্তু ১৬ দিন ধরে মেলা বিরক্তির কারণ হয়ে দাঁড়িয়েছে। সন্ধ্যা থেকে যেমন মানুষের ভিড় বাড়ছে, সেইসঙ্গে বাড়ছে যানজট। ইচ্ছে থাকলেও দ্রুত এই রাস্তা দিয়ে যাওয়া যায়না। দুই ধারে দোকান আর রাস্তাজুড়ে থিকথিকে মানুষ আর যানবাহন। মানুষের ভোগান্তির শেষ নেই।'

আবার কাকলি দাস নামে এক গৃহবধূর এনিয়ে ভিন্ন মত। তিনি জানান, 'মেলার দীর্ঘস্থায়িত্বে আপত্তি কোথায়? শীতের আমেজে মানুষ মেলা উপভোগ করছেন। রকমারি খাবার আর ছোটখাটো কেনাকাটা ভালোই লাগে। যাদের আপত্তি তারা শহরের অন্য রাস্তা দিয়ে যাতায়াত করলেই পারেন।'



### ভিন্ন মত

“ শীতের আমেজে মানুষ মেলা উপভোগ করছেন। রকমারি খাবার আর ছোটখাটো কেনাকাটা ভালোই লাগে। যাদের আপত্তি, তারা শহরের অন্য রাস্তা দিয়ে যাতায়াত করলেই পারেন।

**কাকলি দাস,** গৃহবধূ

“ ৭ দিন পর্যন্ত মেলা মেনে নেওয়া যায়, কিন্তু ১৬ দিন ধরে মেলা বিরক্তির কারণ হয়ে দাঁড়িয়েছে। সন্ধ্যা থেকে যেমন মানুষের ভিড় বাড়ছে, সেইসঙ্গে বাড়ছে যানজট। দুই ধারে দোকান আর রাস্তাজুড়ে যানবাহন।

**শঙ্কু সাহা,** বাসিন্দা

## পরম-প্রিয়া জুটি মালদা উৎসবে



**মালদা, ২ ডিসেম্বর :** তিনি পেশায় অভিনেতা, তবে রবিবার মালদা উৎসব-২০২৪ এর শেষ দিনে অভিনয় নয়, মাইক হাতে মঞ্চ দখল করলেন টলিউড অভিনেতা পরমব্রত চট্টোপাধ্যায়।

তাঁর অভিনয় যেমন নজরকাড়া, তেমনই বেশ চর্চিত পরম-প্রিয়ার জুটিও। সস্ত্রীক পরম মঞ্চে উঠতেই দর্শক আসনে উন্মাদনা ছিল চোখে পড়ার মতো। নিজস্ব ব্যান্ড নিয়ে গানের সুর তুলতেই ভরে ওঠে দর্শক আসন।

যদিও অভিনেতা প্রথমেই জানান, তিনি পেশাদার সঙ্গীতশিল্পী নয়, তবু দর্শকদের জন্য খোশমেজাজে গান করেন। ভিড় জমে আট থেকে আশি সব বয়সি দর্শকদের। অভিনেতার বক্তব্য, 'মালদার উৎসব ২০২৪, এক বিশেষ সংস্কৃতিক উৎসবে পরিণত হয়েছে।' প্রথম থেকেই পরমব্রতর জন্য অপেক্ষায় ছিল মালদাবাসী। গানে- অভিনয়ে মঞ্চে এক অন্য মাত্রা যোগ করেন তিনি। মালদা উৎসব নিয়ে এক বিশেষ স্বরণিকা প্রকাশ করেন পরমব্রত।

*ছবি ঃ সৌরভ ঘোষ*

## প্রয়াত 'গাছদাদু'

**রায়গঞ্জ, ২ ডিসেম্বর :** প্রয়াত হলেন রায়গঞ্জের 'গাছদাদু' বলে পরিচিত গোপাল মিত্র। কলকাতার এক নার্সিংহোমে তিনি মারা যান। রবিবার কলকাতাতেই তাঁর শেষকৃত্য সম্পন্ন হয়। দীর্ঘদিন ধরে তিনি বার্ধক্যজনিত সমস্যায় ভুগছিলেন। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৭৩ বছর। শহরের উকিলপাড়া এলাকার বাসিন্দা গোপালবাবু স্বাস্থ্য দপ্তরের কর্মী ছিলেন।

উত্তর দিনাজপুর জেলার বিভিন্ন ফাঁকা জায়গায় তিনি গাছের চারা রোপণ করতেন। তারজন্য তিনি গাছদাদু হিসেবে পরিচিত ছিলেন। তিনি রীতিমতো অনুষ্ঠান করে একসময় বট-পাকুড়ের বিয়েও দিয়েছিলেন। পশুপ্রেমী সংস্থার হয়েও তিনি কাজ করে অনেক পশুর সেবা করেছেন। তিনি সর্বদা মানুষকে গাছ লাগাতে উৎসাহ দান করতেন।

এমন পরিবেশ সচেতন নাগরিকের প্রয়াণে শোকস্তব্ধ রায়গঞ্জবাসী।

# নিষিদ্ধ সাইলেন্সর রুখতে এতদিনে কঠোর পুলিশ

**বিশ্বজিৎ সরকার**



*ছবি : প্রতীকী*

**রায়গঞ্জ, ২ ডিসেম্বর :** উৎসবের মরশুম শেষ। স্কুলের তালা খুলতে শুরু করেছে। সকাল হতেই পিঠে ব্যাগ নিয়ে স্কুলের দিকে পা বাড়াচ্ছে খুদেরা। সঙ্গে তাদের অভিভাবক। সোমবার সকালে রায়গঞ্জ শহরের রাস্তা পার হওয়ার সময় বিকট শব্দ। সেই শব্দের হাত থেকে বাঁচতে কান হাত দিয়ে ঢাকতে হল পঞ্চম শ্রেণির দুই পড়ুয়াকে। মুখের চেহারা বদলে গেল তাদের সঙ্গে থাকা অভিভাবকদেরও।

এ কোনও শব্দবাজি নয় বা ডিজে বাজিয়ে শোভাযাত্রাও নয়। বিকট শব্দ মোটরবাইকের। বর্তমান প্রজন্মের তরুণদের অন্যতম নেশা বাইক। শহরের রাস্তায় বিভিন্ন নামীদামি কোম্পানির বাইক দুরন্তগতিতে তারা চালিয়ে যাচ্ছে। পছন্দের মোটরবাইককে তারা সাজাচ্ছেন নিজের মতো করে। রয়েছে সাইলেন্সর। যদিও এর মধ্যেই রয়েছে শব্দ কমিয়ে রাখার ব্যবস্থা। যদি সেই যন্ত্র রয়েছে যন্ত্রের জায়গায়। এই কাস্টম সাইলেন্সর ব্যবহারের নিষেধাজ্ঞা রয়েছে রায়গঞ্জ পুরসভার। ধরা পড়লে মোটা অঙ্কের জরিমানার পাশাপাশি সেই সাইলেন্সর বাজেয়াপ্ত করা হয়। তবে এনিয়ে রায়গঞ্জ শহরের পুলিশ প্রশাসনের সেভাবে উদ্যোগ দেখা যায়নি।

রায়গঞ্জ শহরের বাইক মিস্ত্রি নয়ন দেবনাথ বলেন, 'একটি বিশেষ কোম্পানির বাইকের ক্ষেত্রে এই কাস্টম সাইলেন্সর ব্যবহারের প্রবণতা বেশি দেখা যায়। এখন মানুষের মধ্যে ধারণা তৈরি হয়ে গিয়েছে, ওই বিশেষ কোম্পানির বাইক মানেই বিকট শব্দ। কিন্তু আদতে তা নয়, ওই কোম্পানিও নিয়ম মেনে শব্দদূষণ রোধ করতে সাইলেন্সর ব্যবহার করে। ক্রেতারা ব্যক্তিগতভাবে সেই সাইলেন্সর বদলে ফেলেন। এককেটি সাইলেন্সর বিক্রি হয় চার হাজার থেকে শুরু করে ১২ হাজার টাকা পর্যন্ত। শুধুমাত্র শখের কারণে মোটা টাকা খরচ করে সাইলেন্সর বদলে ফেলছেন ক্রেতারা। এটাই এখন ফ্যাশন। মোটরবাইকেও এখন এই সাইলেন্সর ব্যবহার করা হচ্ছে।'

নাম প্রকাশে অনিচ্ছুক এক তরুণের কথায়, এখন এটাই ফ্যাশন। বাইক কিনেই সাইলেন্সর বদল করতে হবে। প্রথমে এই সাইলেন্সর শহরে পাওয়া দুষ্কর ছিল। কিন্তু বাজারে চাহিদা দেখে বিক্রেতারাও এই সাইলেন্সর বিক্রি করতে শুরু করেছেন। শোনা যাচ্ছে, ওই বিশেষ কোম্পানির শোরুমেও কাস্টম সাইলেন্সর রাখা হচ্ছে। যদিও তা আড়ালে থাকছে। কানে কানে দাবি করে, কড়কড়ে নোট ঢাললেই বেরিয়ে আসে সেই শব্দদানব।'

ঘটনা প্রসঙ্গে জেলা পুলিশ সুপার মহম্মদ সানা আক্তার জানান, 'ইতিমধ্যে আমরা মানুষকে সচেতন করতে শুরু করেছি। বিভিন্ন জায়গায় মাইকিং হচ্ছে।'



*রাস্তার ধারে আবর্জনার স্তূপ। - সংবাদচিত্র*

# ডাস্টবিন থেকেও নেই রায়গঞ্জে

**দীপঙ্কর মিত্র**

**রায়গঞ্জ, ২ ডিসেম্বর :** রায়গঞ্জ বিশ্ববিদ্যালয়ের ১ নম্বর গেটের উলটোদিকে সরকারি জায়গায় রয়েছে পুরসভার ডাস্টবিন। চায়ের দোকান, হোটেল রেস্তোরার কর্মীরা ব্যবহার করা পাতা, গ্লাস, খাবারের অবশিষ্টাংশ ফেলছেন পাশের ফাঁকা জায়গায়। ফলে ওই এলাকা দুর্গন্ধময় ও নোংরা আবর্জনায় ভরে উঠছে। ভিড় করছে সারমেয়রা।

এলাকার ব্যবসায়ী রামকৃষ্ণ সাহা বলেন, 'ডাস্টবিন ব্যবহার না করায় আমাদের দুর্ভোগ পোহাতে হচ্ছে। এলাকা নোংরা হচ্ছে। ছড়াচ্ছে দুর্গন্ধ। বিশ্ববিদ্যালয়ের পড়ুয়া কার্তিক দাস, সুপর্ণা রায়, হিমাংশু দত্ত বলেন, কিছু মানুষের অসচেতনতার জন্য এলাকা নোংরা হচ্ছে। আমাদের জঞ্জাল পেরিয়ে যাওয়া-আসা করতে হচ্ছে। ডাস্টবিন থাকার পরেও তা ব্যবহার করছে না।

এলাকার বাসিন্দা প্রবীর গুহ বলেন, 'আমরা যতদিন না সচেতন হতে পারব এবং দায়িত্ব সঠিকভাবে না পালন করব, ততদিন পর্যন্ত পরিবেশের সামগ্রিক পরিবর্তন হবে না। এলাকার ব্যবসায়ীদের বিষয়টা দেখা উচিত। কারণ, বিশ্ববিদ্যালয়ের ওই এলাকা জনবহুল। প্রতিদিন অসংখ্য ছাত্রছাত্রী এবং সাধারণ মানুষ বিভিন্ন কাজে আসেন।'

সমস্যার কথা স্বীকার করে নিয়েছেন ওই এলাকার কোঅর্ডিনেটর অর্ণব মণ্ডল। তিনি বলেন, 'ওই এলাকার ব্যবসায়ীদের সুবিধার জন্য বড় আকারের ডাস্টবিন রাখা আছে। সেটা ব্যবহার করা হচ্ছে না। শীঘ্রই সেখানে বোর্ড লাগানো হবে। ব্যবসায়ীদের সচেতন করা হবে। এরপর যদি তারা আর্বজনা ফেলে, তবে ফাইন করা হবে।'

## গঙ্গারামপুরে শুরু দ্বিতীয় প্ল্যাটফর্মের ঢালাই

**গঙ্গারামপুর, ২ ডিসেম্বর :** অবশেষে শুরু হল গঙ্গারামপুর স্টেশনের দ্বিতীয় প্ল্যাটফর্মের ঢালাই। কাজে গতি পাওয়ায় খুশি গঙ্গারামপুর রেল উন্নয়ন কমিটি সহ গঙ্গারামপুরের বাসিন্দারা।

২০২৩-এর ২৬ নভেম্বর স্টেশনের একাধিক নির্মাণের শিলান্যাস করেছিলেন বালুরঘাট লোকসভা কেন্দ্রের সাংসদ তথা কেন্দ্রীয় প্রতিমন্ত্রী ডঃ সুকান্ত মজুমদার। এর মধ্যে ছিল স্টেশনের দ্বিতীয় প্ল্যাটফর্ম নির্মাণ। তবে একাধিকবার কাজের ধীরগতির অভিযোগ উঠেছিল। বিগত ছয় মাসে চারবার কাজ পরিদর্শনে এসেছিলেন উত্তর-পূর্ব সীমান্ত রেলের (কাটিহাটি) ডিভিশনের ডিআরএম সুরেন্দ্র কুমার। কাজে ধীরগতির জন্য গঙ্গারামপুর রেল উন্নয়ন কমিটির কাছে প্রশ্নের সম্মুখীন হন ডিআরএম। সমস্ত কাজ দ্রুত শেষ করার দাবি তোলে কমিটি।

১৩ নভেম্বর আরও একবার কাজ পরিদর্শনে আসেন ডিআরএম। তাতে কাজের গতি কিছুটা বেড়েছে বলে স্থানীয়দের ধারণা। একাধিক কাজের তদারকির জন্য স্টেশন কনসাল্টেটিভ কমিটি (এসসিসি) গঠন করেছেন স্টেশন সুপার অনিরুদ্ধ শর্মা। তাতে কাজের গতি আরও বেড়েছে বলে মনে করছে উন্নয়ন কমিটি।

এ প্রসঙ্গে গঙ্গারামপুর রেল উন্নয়ন কমিটির সম্পাদক তথা স্টেশনের এসসিসি সদস্য অজয় দাস জানান, 'কয়েকদিন আগে স্টেশন সুপার একটি এসসিসি কমিটি গঠন করেছেন। সেই কমিটির একজন সদস্য হিসেবে এবং রেল উন্নয়ন কমিটির সম্পাদক হিসেবে আমার নৈতিক দায়িত্ব নির্মাণকাজের তদারকি করার। কাজ দ্রুত শেষ করতে আমরা চাপ দিচ্ছি। এর মধ্যে দ্বিতীয় প্ল্যাটফর্মের ঢালাই শুরু হয়েছে। আমাদের দাবি, এই স্টেশনকে অমৃত ভারত রেলস্টেশনের আওতায় আনতে হবে এবং গঙ্গারামপুরে একটি রেক পয়েন্ট তৈরি করতে হবে। এই দাবি থেকে আমরা পিছু হটছি না।'

# ক্ষুদ্র শিল্পের জন্য সুদহীন ঋণ



*শিবিরে ঋণ নিতে উৎসাহী ব্যবসায়ীদের ভিড়।- সংবাদচিত্র*

**পুরাতন মালদা, ২ ডিসেম্বর :** সোমবার দুপুর বারোটা নাগাদ পুরাতন মালদা পুরসভার উদ্যোগে শিল্পের সমাধান কর্মসূচির আয়োজন করা হয়। এই কর্মসূচির মধ্যে দিয়ে ক্ষুদ্র শিল্পের সঙ্গে যুক্ত ব্যবসায়ীদের বিনা সুদে ঋণ পাওয়ার সুযোগ করে দিয়েছে রাজ্য সরকার। আজ সেই সুযোগ- সুবিধা নিতে উপস্থিত হন পুরসভার ক্ষুদ্র শিল্পের সঙ্গে যুক্ত থাকা ব্যবসায়ীরা। পুরসভায় সেই ক্যাম্প চলাকালীন তদারকি করেন পুরসভার চেয়ারম্যান কার্তিক ঘোষ। এছাড়া উপস্থিত ছিলেন ৭ নম্বর ওয়ার্ডের কাউন্সিলার শত্রুঘ্ন সিংহ বর্মা সহ অন্যান্যরা।

পুরসভার চেয়ারম্যান কার্তিক ঘোষ বলেন, রাজ্য সরকার ও মালদা জেলা প্রশাসনের তরফে ক্ষুদ্র শিল্পের সঙ্গে যুক্ত থাকা ব্যবসায়ীদের জন্য শিল্পের সমাধান কর্মসূচির আয়োজন হয়। আগামী ৯ ডিসেম্বর পর্যন্ত চলবে এই কর্মসূচি। আজ প্রথম দিন,তাই বিভিন্ন ওয়ার্ডের ক্ষুদ্র শিল্পের সঙ্গে যুক্ত ব্যবসায়ীরা সুযোগ-সুবিধা নিতে পুরসভায় উপস্থিত হন। কার্তিকবাবু আরও জানিয়েছেন, আজ নাম নথিভুক্তকরণ চলছে। আগামী দিনে বিনা সুদে ঋণ পাওয়ার সুযোগ করে দিয়েছে রাজ্য সরকার। তাই ক্ষুদ্র ব্যবসায়ীদের মধ্যে ব্যাপক সাড়া পাওয়া গেছে। কাউন্সিলার শত্রুঘ্ন সিংহ বর্মা বলেন, এককালীন ১৫ হাজার টাকা ঋণ পাবেন একজন ক্ষুদ্র ব্যবসায়ী। ক্ষুদ্র শিল্পের সঙ্গে যুক্ত থাকা ব্যবসায়ীরা জানান, তাঁদের বিনা সুদে ঋণ পাওয়ার সুযোগসুবিধা করার ব্যবস্থা করেছে রাজ্য সরকার।

### অ্যাফিডেভিট

আমি Sekh Kayesa, স্বামী Sekh Ameruddin, গ্রাম-কাহালা, পোঃ উত্তর লক্ষ্মীপুর, থানা-মোথাবাড়ি, মালদা। আমার স্বামীর LIC পলিসিতে (যার নং-454947899) আমার, স্বামীর নাম ও স্বামীর মৃত্যু প্রমাণ পত্রে স্বামীর নাম ভুল থাকায় গত 02/12/24 তারিখে মালদা E.M কোর্টে অ্যাফিডেভিট বলে আমার নাম Kamrun Nesha থেকে Sekh Kayesa ও স্বামীর নাম Md Amiruddin ও Sk Amiruddin থেকে Lt.Sekh Ameruddin করা হইল। (M-112567)

●

আমি Kartik Barman, পিতা-Deben Barman, গ্রাম-রণহাট্টা, পোঃ-হেমতাবাদ, জেলা-উত্তর দিনাজপুর, আমার আধার ও ভোটার কার্ডে আমার ও বাবার নাম ভুল থাকায় গত 25/11/24 তারিখে মালদা ১ম শ্রেণি J.M কোর্টে অ্যাফিডেভিট বলে আমার নাম Bajaru Barman থেকে Kartik Barman ও বাবার নাম Devan Barman থেকে Deben Barman করা হইল।
(M-112568)

# বালুরঘাটে ঝোঁক বাড়ছে ফুলের বাগান তৈরিতে

**পঙ্কজ মহন্ত**

**বালুরঘাট, ২ ডিসেম্বর :** শীতকালীন ফুলের চারাগাছ বিক্রির ধুম বালুরঘাটে। শহরের বিভিন্ন জনবহুল রাস্তার মোড় রকমারি ফুলের চারাগাছে সাজিয়ে তুলছেন বিক্রেতারা। সকাল থেকে সন্ধ্যা পর্যন্ত চলছে কেনাবেচা। বাগানপ্রেমী সাধারণ মানুষ হুমড়ি খেয়ে বিভিন্ন রকমের চারাগাছ কিনে নিয়ে যাচ্ছেন।

তবে বালুরঘাট থানা মোড় এলাকায় গত ২৫ বছর ধরে নবদ্বীপ থেকে এসে ফুল ও ফলের চারাগাছ বিলি করে চলেছেন এক ব্যবসায়ী। ক্রমশ বাড়ছে শীত। এখনই বিভিন্ন শীতকালীন ফুলের চারা রোপণের মোক্ষম সময়। এই সুযোগকে হাতছাড়া করতে চাইছেন না ফুলপ্রেমীরা।



*চারাগাছের পসার। - মাজিদুর সরদার*

কোনও দোকানে রয়েছে অ্যাডেনিয়াম, অর্কিড ফুলের চারার সম্ভার। কোনও দোকানে রয়েছে ব্রাজিলিয়ান লাকি বাম্বু, এজেলিয়া, সেনিরিয়ার মতো প্রজাতির ফুলের চারা। আবার কোনও বিক্রেতার কাছে দেশি পলাশ, কাঞ্চন ফুলের চারাও রয়েছে। বছরে এককালীন ফুলের পাশাপাশি সারা বছর ফুল ফোটার মতো চারাগাছ রয়েছে বিক্রেতাদের কাছে। মূলত শীতকালীন ফুলের চাহিদা বেশি থাকলেও ফলের গাছের চারা কিনতেও ক্রেতারা হাজির হচ্ছেন। তাই চাহিদার কথা মাথায় রেখে পেয়ারা, জলপাই, লেবু সহ একাধিক ফলের চারাগাছ দোকানে মজুত রাখছেন।

থানা মোড় এলাকার এক বিক্রেতা রেজ্জাক শেখ বলেন, 'প্রতি বছর এই সময় নবদ্বীপ থেকে বালুরঘাটে চারাগাছ বিক্রির জন্য আসি। বাবা ২৫ বছর ধরে এখানে আসছেন। সপ্তাহে ৪ দিন এখানে চারাগাছ বিক্রি করি। অনেকেই বিভিন্ন চারাগাছের চাহিদার কথা জানান। পরে আমরা গিয়ে সেটা নিয়ে আসি। আমার দোকানে গাঁদা ফুলের চারা ৫ টাকা থেকে শুরু করে ১০ টাকা দামের মধ্যে থাকে। আবার ১ হাজার টাকা দামের ব্রাজিলিয়ান ফুলের চারাগাছও রয়েছে।'

বাগানপ্রেমী ছবি সরকার চারগাছ কিনতে এসে জানান, 'গত কয়েকবছর ধরে বাড়িতে বিভিন্ন ফুলের চারাগাছ লাগিয়েছি। বাগানের পরিচর্যার মধ্যে ডুবে থাকতে ভালো লাগে। মোবাইলের নেশা থেকে দূরে থাকতে এদিকে বেশি মনোযোগ দিয়েছি।'

